



শ্রীশ্রীবগলামুখী পূজা পদ্ধতি

পণ্ডিত শ্রীশ্যামাচরণ ভট্টাচার্য্য ।





শ্রীশ্রীবগলামুখী পূজা পদ্ধতি

পণ্ডিত শ্রীশ্যামাচরণ ভট্টাচার্য্য ।



॥ ওঁ নমো নারায়ণায় ॥

শ্রীশ্রীবগলামুখী পূজা পদ্ধতি

[প্রতিমা, যন্ত্রপূজা, বিভিন্ন যন্ত্রের চিত্র ও ফর্দ্দমালাসহ]

পণ্ডিত শ্রীশ্যামাচরণ ভট্টাচার্য্য সঙ্কলিত

শ্রীশক্তিপদ চক্রবর্ত্তী

কর্ত্তৃক পরিবর্দ্ধিত, পরিমার্জ্জিত

ও সম্পাদিত।

বেণীমাধব শীলস্ লাইব্রেরী

কলকাতা

মূল্য ঃ ৯০.০০ টাকা।

সূচীপত্র

॥ নমো নারায়ণায় ॥

শ্রীশ্রীবগলামুখী পূজা পদ্ধতি


শ্রীশ্রীবগলামুখী পূজা সম্পর্কে জ্ঞাতব্য—সাধক উত্তরমুখে বা পূর্বাস্যে বসিয়া দেবীর পূজা করিবেন। হরিদ্রাবর্ণ চন্দন, হরিদ্রা বর্ণের পুষ্প (গাঁদা বা কলকে) দ্বারা পূজা করিতে হইবে। পূজক হরিদ্রাবর্ণের রঞ্জিত বস্ত্র ও উত্তরীয় ধারণ পূর্বক এবং হরিদ্রা গাঁটের মালায় জপ করিবেন। হরিদ্রা বর্ণযুক্ত কৃষান্ন বা হরিদ্রা বর্ণযুক্ত ঘৃতান্ন, হরিদ্রা বর্ণবিশিষ্ট লড্ডুক দেবীকে নিবেদন করিবেন।




বগলামুখী পূজা যন্ত্র (১)



বগলামুখী পূজা যন্ত্র (২)




বগলামুখী পূজা যন্ত্র (৩)



বগলামুখী ধারণ যন্ত্র

সাধারণ পূজাবিধি—কৃত নিত্যক্রিয় পূজক পূর্ব বা উত্তরাস্যে বসিয়া আচমন করিবেন। যথা—"ওঁ বিষ্ণুঃ, ওঁ বিষ্ণুঃ।" মন্ত্রে গোকর্ণাকৃতি দক্ষিণ হস্তে মাষমগ্ন পরিমাণ জল গ্রহণ করিয়া, তিনবার ওঁ বিষ্ণুঃ, ওঁ বিষ্ণুঃ, ওঁ বিষ্ণুঃ, মন্ত্রে আচমন করিবেন।



বগলামুখী স্তম্ভন যন্ত্র

বিষ্ণুস্মরণ—করযোড়ে পাঠ্য—"ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদম্, সদা পশ্যন্তি সূরয়ঃ। দিবীব চক্ষুরাততম্॥ ওঁ মাধবো মাধবো বাচি, মাধবো মাধব হৃদি। স্মরন্তি সাধবঃ সর্বে সর্বকার্য্যেষু মাধবম্॥ শ্রীমাধবঃ, শ্রীমাধবঃ, শ্রীমাধবঃ॥ ওঁ সর্বমঙ্গল মঙ্গল্যং বরেণ্যং বরদং শুভম্। নারায়ণং নমস্কৃত্য সর্বকর্মাণি কারয়েৎ। ওঁ বিষ্ণুঃ, ওঁ বিষ্ণুঃ, ওঁ বিষ্ণুঃ।"

বরণ—পূজা কার্য্যে বসিবার পূর্বে কর্তা যদি পূজায় অসমর্থ বা অনধিকারী হ'ন, তাহা হইলে পূজার জন্য ব্রাহ্মণ নিযুক্ত করিবেন। তৎপূর্বে পূজক ব্রাহ্মণ ও তন্ত্রধারককে বরণ করিতে হয়। কর্তা স্বয়ং পূর্বমুখে এবং ব্রাহ্মণ উত্তরাস্যে বসিবেন। কর্তা গণেশ, শ্রীগুরু, শ্রীবিষ্ণু ও শিবাদি

পঞ্চদেবতাকে গন্ধ পুষ্প দিয়া করযোড়ে ব্রাহ্মণকে বলিবেন—"ওঁ সাধু ভবানাস্তাম্।" ব্রাহ্মণ বলিবেন—"ওঁ সাধ্বহমাসে।" কর্তা—"ওঁ অর্চয়িষ্যামো ভবন্তম্।" ব্রাহ্মণ বলিবেন—"ওঁ অর্চয়" পরে কর্তা সচন্দন পুষ্প, বস্ত্র, উত্তরীয় ও অঙ্গুরীয়কাদি লইয়া বলিবেন—"ওঁ (নমো বা) এতানি গন্ধ পুষ্প বস্ত্রোত্তরীয় অঙ্গুরীয়ক ওঁ পূজক ব্রাহ্মণায় (তন্ত্রধারক হইলে—তন্ত্রধারক ব্রাহ্মণায়) নমঃ।" ব্রাহ্মণ—"ওঁ স্বস্তি।" বলিয়া গ্রহণ করিবেন। অতঃপর কর্তা তণ্ডুলান্বিত অধোমুখ দক্ষিণ হস্ত দ্বারা বামহস্ত দক্ষিণ হস্তে স্পর্শ করাইয়া ব্রাহ্মণের দক্ষিণ জানু ধরিয়া মন্ত্র পাঠ করিবে। যথা—"বিষ্ণুরোম্ তৎসৎ অদ্য অমুকেমাসি অমুকেপক্ষে অমুকতিথৌ অমুকগোত্র শ্রীঅমুকদেবশর্মা (কর্তার নাম) মৎসঙ্কল্পিত শ্রীমদ্‌বগলামুখী পূজা কর্মণি পূজক কর্ম করণায় (তন্ত্রধারক পক্ষে—তন্ত্রধারক কর্ম করণায়) অমুকগোত্রং শ্রীঅমুকদেবশর্মন মেভিগন্ধাদিভিরভ্যর্চ্য (তন্ত্রধারক পক্ষে তাহার নাম গোত্র) ভবন্ত মহং বৃণে।" ব্রাহ্মণ বলিবেন—"ওঁ বৃতোঽস্মি।" (ইতি—প্রতিবচন)। কর্তা করযোড়ে বলিবেন—"ওঁ যথাবিহিতং পূজক কর্ম (তন্ত্রধারক কর্ম বা) কুরু।" ব্রাহ্মণ বলিবেন—"ওঁ যথাজ্ঞানং করবাণি (ইতি প্রতিবচন)। বরণকার্য শেষ করিয়া কর্তা উঠিয়া গেলে পূজক পূজা কার্যে বসিবেন।

পূজারম্ভ—পূজক অগ্রে বামপাদ পুরঃসর পূজাস্থানে প্রবেশ পূর্বক করযোড়ে পাঠ করিবেন—

"ওঁ সর্বমঙ্গল মঙ্গল্যং বরেণ্যং বরদং শুভম্। নারায়ণং নমস্কৃত্য সর্বকর্মাণি কারয়েৎ॥ ওঁ নমো নারায়ণায় নমঃ।" অতঃপর গোকর্ণাকৃতি দক্ষিণ হস্তে তিনবার মাষমগ্ন পরিমাণ জলপান করিবেন। মন্ত্র, যথা—"ওঁ বিষ্ণুঃ, ওঁ বিষ্ণুঃ, ওঁ বিষ্ণুঃ।"

করযোড়ে পাঠ্য—"ওঁ তদ্বিষ্ণো পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ। দিবীব চক্ষুরাততম্॥ ওঁ অপবিত্রঃ পবিত্রো বা সর্বাবস্থাং গতোঽপিবা। যঃ স্মরেৎ পুণ্ডরীকাক্ষং স বাহ্যাভ্যন্তর শুচিঃ॥"

অতঃপর বজ্রোদকে "হুং ফট্ স্বাহা।" মন্ত্রে আসনে কুশোদক দিয়া উপবেশন করিয়া পুণ্যাহবাচন করিবেন।

পুণ্যাহবাচন—তাম্রপাত্রে আতপ তণ্ডুল লইয়া বামহস্তে রাখিয়া দক্ষিণ হস্তে আচ্ছাদন পূর্বক পুণ্যাহবাচন করিবেন। যথা—"ওঁ হ্লীং কর্তব্যেঽস্মিন্ শ্রীমদ্ বগলামুখী পূজা কর্মণি, ওঁ হ্লীং পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু, ওঁ হ্লীং পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু, ওঁ হ্লীং পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু। ওঁ হ্লীং পুণ্যাহং, ওঁ হ্লীং পুণ্যাহং, ওঁ হ্লীং পুণ্যাহম্॥

ওঁ হ্লীং কর্তব্যেঽস্মিন্ শ্রীমদ্ বগলামুখী পূজা কর্মণি, ওঁ হ্লীং স্বস্তি ভবন্তো ব্রুবন্তু, ওঁ হ্লীং স্বস্তি ভবন্তো ব্রুবন্তু, ওঁ হ্লীং স্বস্তি ভবন্তো ব্রুবন্তু। ওঁ হ্লীং স্বস্তি, ওঁ হ্লীং স্বস্তি, ওঁ হ্লীং স্বস্তি॥

ওঁ হ্লীং কর্তব্যেঽস্মিন্ শ্রীমদ্ বগলামুখী পূজা কর্মণি, ওঁ হ্লীং ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু, ওঁ হ্লীং

ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু, ওঁ হ্লীং ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু। ওঁ হ্লীং ঋদ্ধ্যতাম্, ওঁ হ্লীং ঋদ্ধ্যতাম্, ওঁ হ্লীং ঋদ্ধ্যতাম্॥ ওঁ হ্লীং হুং স্বস্তি নঃ কাত্যায়নী অপর্ণাশ্রবা স্বস্তি নঃ কালী হ্রৌং মেধামৃতময়ী হুং স্বস্তি নঃ প্রত্যঙ্গিরা দেবতার্দধাতু। হ্লীং শ্রীং হুং ফট্ স্বাহা॥

স্বস্তিসূক্ত—"ওঁ সর্বাশ্চ দেবাশ্চ বিভীতকঞ্চ প্রভঞ্জতাং মেরুসুবর্ণদায়ী। কালোদ্ধ মা মা সচেন্দ্রিয়াং শ্রিয়ো বিবিক্তরাগায় পুনর্ভবায় বৈ॥" অতঃপর সঙ্কল্প করিবেন।

সঙ্কল্প—তাম্রপাত্রে জল, তিল, বিল্বপত্র, পীতপুষ্প, বিবিধ পুষ্প, হরীতকী, পীতচন্দন বা রক্তচন্দন, কুশ, অক্ষত (আতপ তণ্ডুল) বাম করতলে স্থাপন পূর্বক দক্ষিণ করতল দ্বারা আচ্ছাদন করিয়া, দক্ষিণ জানু ভূপাতিত করিয়া বীরাসনে উত্তরাস্যে বা পূর্বাস্যে বসিয়া সঙ্কল্প বাক্য পাঠ করিবেন।

যথা—"বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকেমাসি অমুকরাশিস্থে ভাস্করে অমুকেপক্ষে অমুকতিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্মা শ্রীমদ্‌বগলা দেবী প্রীতিকামো গুর্বাদি নানা দেবতা পূজা পূর্বকং শ্রীমদ্ বগলামুখী দেবী পূজনমহং করিষ্যে।" (পরার্থে—করিষ্যামি)।

তৎপরে তাম্রপাত্র অর্থাৎ কুশীটি তাম্রপাত্রে উপুড় করিয়া দিয়া তদুপরি অক্ষত (আতপ তণ্ডুল) বিকিরণ করিতে করিতে সঙ্কল্প সূক্ত পাঠ করিবেন।

সঙ্কল্প সূক্ত—"ওঁ ইন্দ্রাদ্যানো বিবেশী পুষ্টাং মা-কৃণোতি সতাং সিঞ্চধ্বং। প্রহিতামমরেভিঃ স্বর্গমাদধৎ॥"

করযোড়ে পাঠ্য—"ওঁ সঙ্কল্পিতার্থাঃ সিধ্যন্তু সিদ্ধাঃ সন্তু মনোরথাঃ। ভক্তিজ্ঞানোদয়ায় চ অয়মারম্ভঃ শুভায় ভবতু শত্রুণাং বুদ্ধিনাশায় মিত্রানামুদয়ায় চ॥"

অতঃপর মন্ত্রাচমন করিবেন।

যথা—"হ্রীং আত্মতত্ত্বায় স্বাহা। হ্রীং বিদ্যাতত্ত্বায় স্বাহা। হ্রীং শিবতত্ত্বায় স্বাহা।" এই মন্ত্রে তিনবার আচমন করিবেন। অনন্তর সামান্যার্ঘ্য স্থাপন করিবেন।

সামান্যার্ঘ্য স্থাপন—ভূমৌ ত্রিকোণ মণ্ডলং কৃত্বা তদুপরি গন্ধপুষ্পাদীন্ পূজয়েৎ। অর্থাৎ ভূমিতে জল দ্বারা নিম্নমুখ ত্রিকোণ মণ্ডল করিয়া তদুপরি গন্ধ পুষ্প দ্বারা পূজা করিবেন। যথা—"এতে গন্ধপুষ্পে ওঁ আধার শক্তয়ে নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ কূর্মায় নমঃ। এতে গন্ধ পুষ্পে ওঁ অনন্তায় নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ পৃথিব্যৈ নমঃ।"

এইরূপে পূজাপূর্বক "ফট্", মন্ত্রে কোশা প্রক্ষালন পূর্বক "নমঃ" মন্ত্রে উহাতে জলপূর্ণ করিবেন। তৎপরে কোশাগ্রে গন্ধপুষ্প, বিল্বপত্র এবং দূর্বাক্ষতাদির দ্বারা অর্ঘ্য সাজাইয়া কোশার জলে অঙ্কুশ মুদ্রা দ্বারা তীর্থ আবাহন করিবেন। যথা—



যোনিমুদ্রা অবগুণ্ঠনমুদ্রা অঙ্কুশমুদ্রা ধেনুমুদ্রা মৎস্যমুদ্রা

"ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি।
নর্মদে সিন্ধু কাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু॥"

এইরূপে তীর্থাবাহন করিয়া কোশার জলে যোনি মুদ্রা ও অবগুণ্ঠন মুদ্রা, প্রদর্শন করিয়া ধেনু মুদ্রায় অমৃতীকরণ করিয়া মৎস্য মুদ্রায় আচ্ছাদনপূর্বক আটবার "ওঁ" মন্ত্র জপ করিবেন। অতঃপর সেই জলে নিজেকে এবং পূজোপকরণ অভ্যুক্ষণ করিয়া দ্বারদেবতাগণের পূজা করিবেন।

দ্বারদেবতাগণের পূজা—ফড়িতি মন্ত্রেণ সামান্যার্ঘ্য জলেন দ্বারমভ্যুক্ষ্য, আবাহন্যাদি পঞ্চমুদ্রাদীন্ আবাহ্য গন্ধ পুষ্পাদীনি সম্পূজ্য—

অর্থাৎ (ফট্) মন্ত্রে সামান্যার্ঘ্যের জলে দ্বারদেশ অভ্যুক্ষণ করিয়া দ্বারদেবতাগণের আবাহন করিবেন। যথা—"ওঁ দ্বারদেবতাঃ ইহাগচ্ছত ইহাগচ্ছত, ইহতিষ্ঠত ইহতিষ্ঠত, ইহসন্নিধত্ত, ইহ

সন্নিরুধ্যধ্বম্, অত্রাধিষ্ঠানং করুতঃ। মম পূজাং গৃহ্নীত॥" এইরূপে আবাহন করিয়া পূজা করিবেন। যথা—"ঊর্দ্ধোডুম্বরে (মধ্যে)—ওঁ গণেশায় নমঃ। (তৎ দক্ষিণাংশে)—ওঁ শ্রীং মহালক্ষ্ম্যৈ নমঃ। (তস্য বামাংশে)—ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ। (দক্ষিণ শাখায়াম্)—ওঁ বিঘ্নায় নমঃ। ওঁ গাং গঙ্গায়ৈ নমঃ। ওঁ যাং যমুনায়ৈ নমঃ। (বাম শাখায়াম্)—ওঁ ক্ষাং ক্ষেত্রপালায় নমঃ। (দেহন্যাস্)—ওঁ অস্ত্রায় নমঃ।" এইক্রমে গন্ধপুষ্প দ্বারা পূজা করিবেন। মতান্তরে—

"এতে গন্ধপুষ্পে হ্লীং গাং গণেশায় নমঃ।" এইক্রমে—"হ্লীং ক্ষাং ক্ষেত্রপালায় নমঃ। হ্লীং বাং বটুকায় নমঃ। হ্লীং যাং যোগিনীভ্যো নমঃ। হ্লীং গাং গঙ্গায়ৈ নমঃ। হ্লীং যাং যমুনায়ৈ নমঃ। হ্লীং শ্রীং লক্ষ্ম্যৈ নমঃ। হ্লীং ঐং সরস্বত্যৈ নমঃ। হ্লীং ঐং অস্ত্রেভ্যো নমঃ। হ্লীং ঐং অষ্টমাতৃকাভ্যো নমঃ। হ্লীং ওঁ ব্রহ্মণে নমঃ। হ্লীং ওঁ বাস্তুপুরুষায় নমঃ।" অতঃপর মাষভক্তবলি দিবেন।

মাষভক্তবলি ঃ—স্ববামে ত্রিকোণমণ্ডলং কৃত্বা তত্রাদৌ কদলীপত্রাদীন মাষভক্তবলি সজ্জীকৃত ভূতাদীন্ আহ্বায়েৎ—

অর্থাৎ নিজবামে জল দ্বারা নিম্নমুখ ত্রিকোণমণ্ডল (যোনিমুদ্রা) অঙ্কন করিয়া তদুপরি কলদীপত্রে বা নবমৃন্ময় পাত্রে মাষকলাই, আতপ তণ্ডুল, দধি ও ঘৃত দ্বারা সজ্জিত করিয়া ভূতগণের আবাহন করিবেন। যথা—"ওঁ ভূতাদয় ইহাগচ্ছত ইহাগচ্ছত, ইহতিষ্ঠত ইহতিষ্ঠত, ইহসন্নিধত্ত,

ইহসন্নিরুধ্যধ্বম্, অত্রাধিষ্ঠানং কুরুতঃ, মম পূজাং গৃহ্নীত।

এইরূপে আবাহন করিয়া পঞ্চোপচারে ভূতগণের পূজা করিবেন। যথা—"এষ গন্ধঃ ওঁ ভূতাদিভ্যো নমঃ। এতৎ পুষ্পম্ ওঁ ভূতাদিভ্যো নমঃ। এষ ধূপঃ ওঁ ভূতাদিভ্যো নমঃ। এষ দীপঃ ওঁ ভূতাদিভ্যো নমঃ। এষ মাষভক্তবলিঃ ওঁ ভূতাদিভ্যো নমঃ।" অতঃপর সজ্জিত মাষভক্তবলি—"বং এতস্মৈ মাষভক্তবলয়ে নমঃ।" তিনবার বলিয়া তিনবার কুশোদকে অভ্যুক্ষণ করিয়া—"এতে গন্ধপুষ্পে এতস্মৈ মাষভক্তবলয়ে নমঃ।" মন্ত্রে গন্ধপুষ্প দ্বারা অর্চনা করিয়া—"এতদধিপতয়ে শ্রীবিষ্ণবে নমঃ।" মন্ত্রে নারায়ণে বা জলে গন্ধপুষ্প দিয়া—"এষ মাষভক্তবলিঃ ওঁ ভূতাদিভ্যো নমঃ।" মন্ত্রে ভূতগণকে নিবেদন করিবেন। অনন্তর করযোড়ে পাঠ করিবেন। যথা—

"ওঁ ভূতাঃ প্রেতাঃ পিশাচাশ্চ যে বসন্ত্যত্র ভূতলে।
তে গৃহ্নন্তু ময়া দত্তো বলিরেষঃ প্রসাধিতঃ॥
পূজিতা গন্ধপুষ্পাদ্যৈর্বলিভিস্তর্পিতাস্তথা।
দেশাদস্মাদ বিনিসৃত্যঃ পূজাং পশ্যন্তু মৎকৃতাম্॥

অতঃপর এক গণ্ডুষ জল লইয়া—"ওঁ ভূতাদয়ঃ ক্ষমধ্বম্।" মন্ত্রে উক্ত জল গণ্ডুষ দ্বারা ভূতগণের বিসর্জন করিবেন। অতঃপর একটি পাত্রে খই, দূর্বা, কুশ, চন্দন ও শ্বেতসর্ষপ এবং

তণ্ডুলাদি লইয়া নারাচ মুদ্রায় মন্ত্র পাঠ ও ঘণ্টাধ্বনি সহকারে চারিদিকে বিকিরণ করিবেন। যথা—"ওঁ সর্ববিঘ্নানুৎসারয় হুং ফট্ স্বাহা। ওঁ অপসর্পন্তুতে ভূতাঃ যে ভূতাঃ ভুবি সংস্থিতা। যে ভূতা বিঘ্নকর্ত্তারস্তে নশ্যন্তু শিবাজ্ঞয়া॥ ওঁ বেতলাশ্চ পিশাচাশ্চ রাক্ষসাশ্চ সরীসৃপাঃ। অপসর্পন্তুতে সর্বে চণ্ডিকাস্ত্রেণ তাড়িতা॥" অনন্তর ভূমিশুদ্ধি করিবেন।

ভূমিশুদ্ধি—দক্ষিণ হস্তে এক গণ্ডুষ জল লইয়া মন্ত্র পাঠান্তে বিন্দু বিন্দু ভূমিতে দিবেন। যথা—"ওঁ পবিত্র বজ্রভূমে হুং হুং ফট্ স্বাহা।" অতঃপর আসনশুদ্ধি করিবেন।

আসনশুদ্ধি—আসনের নিম্নে ত্রিকোণমণ্ডল করিয়া পূজা করিবেন। যথা—"এতে গন্ধপুষ্পে ওঁ আধার শক্তয়ে কমলাসনায় নমঃ।" মন্ত্রে আসনের পূজা করিয়া আসন স্পর্শ করিয়া পাঠ করিবেন। যথা—"ওঁ অস্য আসনমন্ত্রস্য মেরুপৃষ্ঠঋষিঃ সুতলং ছন্দঃ কূর্মোদেবতা আসনোপবেশনে বিনিয়োগঃ।

ওঁ পৃথ্বি ত্বয়া ধৃতা লোকা দেবি ত্বং বিষ্ণুনা ধৃতা।
ত্বঞ্চ ধারয় মাং নিত্যং পবিত্রং কুরুচাসনম্॥"

অতঃপর আসনোপরি একটি ত্রিকোণমণ্ডল করিয়া—"ওঁ আঃ সুরেখে বজ্ররেখে হুং ফট্ স্বাহা। এতে গন্ধপুষ্পে হেসৌ মহাপ্রেতপদ্মাসনায় নমঃ।" অতঃপর গুরুপংক্তি প্রণাম করিবেন।

গুরুপংক্তি প্রণাম—করযোড়ে (বামে)—"ওঁ গুরুভ্যো নমঃ। ওঁ পরম গুরুভ্যো নমঃ। ওঁ পরাপর গুরুভ্যো নমঃ। ওঁ পরমেষ্ঠী গুরুভ্যো নমঃ।" (দক্ষিণে)—"ওঁ গণেশায় নমঃ।" (মধ্যে) "হ্লীং বগলামুখী দেব্যৈ নমঃ।" অতঃপর অধিবাস করিবেন।

অধিবাস—প্রতিবার দেবী গায়ত্রী পাঠপূর্বক দ্রব্যাদির দ্বারা দেবীর অধিবাস করিবেন। যথা—

দেবী গায়ত্রী—"হ্লীং বগলামুখ্যৈ বিদ্মহে স্তম্ভিন্যৈ ধীমহি তন্নো দেবী প্রচোদয়াৎ।" এই দেবী গায়ত্রী প্রতিবার পাঠান্তে অধিবাস দ্রব্যের দ্বারা অধিবাস করিবেন।

হরিদ্রা—দেবী গায়ত্রী পাঠান্তে—"ওঁ হ্লীং অনয়া হরিদ্রয়া অস্যাঃ শ্রীমদ্ বগলামুখী দেবতায়াঃ শুভাধিবাসন মস্তু।"

চন্দন—"ওঁ হ্লীং অনেন গন্ধেন অস্যাঃ শ্রীমদ্ বগলামুখী দেবতায়াঃ শুভাধিবাসন মস্তু।"

মৃত্তিকা—"ওঁ হ্লীং অনয়া মহ্যা অস্যাঃ শ্রীমদ্ বগলামুখী দেবতায়াঃ শুভাধিবাসন মস্তু।"

গন্ধ দ্রব্য বা চন্দন—"ওঁ হ্লীং অনেন গন্ধেন অস্যাঃ শ্রীমদ্ বগলামুখী দেবতায়া শুভাধিবাসন মস্তু।"

শিলা—"ওঁ হ্লীং অনয়া শিলয়া অস্যাঃ শ্রীমদ্ বগলামুখী দেবতায়াঃ শুভাধিবাসন মস্তু।"

ধান্য—"ওঁ হ্লীং অনেন ধান্যেন অস্যাঃ শ্রীমদ্ বগলামুখী দেবতায়াঃ শুভাধিবাসন মস্তু।"

দূর্বা—"ওঁ হ্লীং অনয়া দূর্বয়া অস্যাঃ শ্রীমদ্ বগলামুখী দেবতায়াঃ শুভাধিবাসন মস্তু।"
পুষ্প—"ওঁ হ্লীং অনেন পুষ্পেন অস্যাঃ শ্রীমদ্ বগলামুখী দেবতায়াঃ শুভাধিবাসন মস্তু।"
ফল—"ওঁ হ্লীং অনেন ফলেন অস্যাঃ শ্রীমদ্ বগলামুখী দেবতায়াঃ শুভাধিবাসন মস্তু।"
দধি—"ওঁ হ্লীং অনয়া দধ্না অস্যাঃ শ্রীমদ্ বগলামুখী দেবতায়াঃ শুভাধিবাসন মস্তু।"
ঘৃত—"ওঁ হ্লীং অনেন ঘৃতেন অস্যাঃ শ্রীমদ্ বগলামুখী দেবতায়াঃ শুভাধিবাসন মস্তু।"
স্বস্তিক (শ্রী)—"ওঁ হ্লীং অনেন স্বস্তিকেন অস্যাঃ শ্রীমদ্ বগলামুখী দেবতায়াঃ শুভাধিবাসন মস্তু।"
সিন্দূর—"ওঁ হ্লীং অনেন সিন্দূরেণ অস্যাঃ শ্রীমদ্ বগলামুখী দেবতায়াঃ শুভাধিবাসন মস্তু।"
শঙ্খ—"ওঁ হ্লীং অনেন শঙ্খেন অস্যাঃ শ্রীমদ্ বগলামুখী দেবতায়াঃ শুভাধিবাসন মস্তু।"
কজ্জল (কাজল)—"ওঁ হ্লীং অনেন কজ্জলেন অস্যাঃ শ্রীমদ্ বগলামুখী দেবতায়াঃ শুভাধিবাসন মস্তু।"
রোচনা (গোরোচনা বা হরিদ্রা)—"ওঁ হ্লীং অনয়া রোচনয়া অস্যাঃ শ্রীমদ্ বগলামুখী দেবতায়াঃ শুভাধিবাসন মস্তু।"
সিদ্ধার্থ (শ্বেতসরিষা)—"ওঁ হ্লীং অনেন সিদ্ধার্থেন অস্যাঃ শ্রীমদ্ বগলামুখী দেবতায়াঃ শুভাধিবাসন মস্তু।"

কাঞ্চন (স্বর্ণ)—"ওঁ হ্লীং অনেন কাঞ্চনেন অস্যাঃ শ্রীমদ্ বগলামুখী দেবতায়াঃ শুভাধিবাসন মস্তু।"
রৌপ্য—"ওঁ হ্লীং অনেন রৌপ্যেন অস্যাঃ শ্রীমদ্ বগলামুখী দেবতায়াঃ শুভাধিবাসন মস্তু।"
তাম্র—"ওঁ হ্লীং অনেন তাম্রেন অস্যাঃ শ্রীমদ্ বগলামুখী দেবতায়াঃ শুভাধিবাসন মস্তু।"
চামর—"ওঁ হ্লীং অনেন চামরেণ অস্যাঃ শ্রীমদ্ বগলামুখী দেবতায়াঃ শুভাধিবাসন মস্তু।"
দর্পণ—"ওঁ হ্লীং অনেন দর্পণেন অস্যাঃ শ্রীমদ্ বগলামুখী দেবতায়াঃ শুভাধিবাসন মস্তু।"
দীপ—"ওঁ হ্লীং অনেন দীপেন অস্যাঃ শ্রীমদ্ বগলামুখী দেবতায়াঃ শুভাধিবাসন মস্তু।"
প্রশস্তি পাত্র (বরণ ডালা)—"ওঁ হ্লীং অনেন প্রশস্তি পাত্রেন অস্যাঃ শ্রীমদ্ বগলামুখী দেবতায়াঃ শুভাধিবাসন মস্তু।"
মাঙ্গল্যসূত্র—"ওঁ হ্লীং অনেন মাঙ্গল্যসূত্রেণ অস্যাঃ শ্রীমদ্ বগলমুখী দেবতায়াঃ শুভাধিবাসন মস্তু।"
মাঙ্গল্য দ্রব্য—"ওঁ হ্লীং অনেন মাঙ্গল্য দ্রব্যেন অস্যাঃ শ্রীমদ্ বগলামুখী দেবতায়াঃ শুভাধিবাসন মস্তু।"

এইভাবে অধিবাস করিয়া ৫/৭টি দূর্বাযুক্ত হরিদ্রা সূত্র দেবীর বামহস্তে বাঁধিবেন। প্রতিমা না হইলে যন্ত্রে বা চিত্রে দিবেন। অতঃপর করশুদ্ধি করিবেন।

করশুদ্ধি—"হেসৌঁ" মন্ত্র পাঠপূর্বক দক্ষিণহস্তে রক্তবর্ণ পুষ্প গ্রহণ করিবেন। "আং হ্রুং ফট্ স্বাহা।" মন্ত্রে উভয় করতল দ্বারা পুষ্পটি পেষণ করিবেন। "ক্লীং" মন্ত্রে মস্তকের চতুর্দিকে ভ্রামিত করিবেন। "ঐং" মন্ত্রে আঘ্রাণ করিবেন। "ফট্" মন্ত্রে নারাচ মুদ্রায় ঈশান কোণে নিক্ষেপ করিবেন। অতঃপর বস্ত্রাঞ্চলে গ্রন্থিবন্ধন করিবেন।

বস্ত্রাঞ্চলে গ্রন্থিবন্ধন—"ওঁ মণিধরি বজ্রিণি রক্ষ রক্ষ হুং ফট্ স্বাহা।" মন্ত্র পাঠ পূর্বক আপন বস্ত্রাঞ্চলে গ্রন্থিবন্ধন করিবেন।


নারাচমুদ্রা

পুষ্পশুদ্ধি—মন্ত্র পাঠপূর্বক পুষ্পপাত্রে কুশোদক দিবেন। যথা—"ওঁ শতাভিষেকে হুং ফট্ স্বাহা।" মন্ত্রে পুনরায় অভ্যুক্ষণ করিয়া নারাচ মুদ্রায় পুষ্প স্পর্শ করিয়া—"ওঁ পুষ্পে পুষ্পে মহাপুষ্পে সুপুষ্পে পুষ্পসম্ভবে। পুষ্পচয়াবকীর্ণে চ হুং ফট্ স্বাহা।"

বিঘ্নাপসারণ—"হ্লীং" মন্ত্রে দিব্যদৃষ্টি দ্বারা দিব্যবিঘ্ন অপসারণ, "ফট্" মন্ত্রে ঊর্ধ্বে করতালি দিয়া অন্তরীক্ষের বিঘ্ন এবং বামপদের পার্ষ্ণি অর্থাৎ গোড়ালী দ্বারা ভূমিতে তিনবার আঘাত করিয়া ভৌমবিঘ্ন অপসারণ করিবেন। অতঃপর ছোটিকা (তুড়ি) দ্বারা দশদিক বন্ধন করিয়া বিঘ্নাপসারণ করিবেন।

দেবতা ও পূজাদ্রব্য শুদ্ধি—পূজা দ্রব্যাদিতে কুশোদক দিয়া "হ্লীং ফট্।" মন্ত্র তিনবার বলিয়া, ধেনু মুদ্রা প্রদর্শন করিবেন। অতঃপর মন্ত্রশুদ্ধি করিবেন।

মন্ত্রশুদ্ধি—১ বার অনুলোম ক্রমে পাঠ্য। যথা—

অং	হ্লীং	অং।	আং	হ্লীং	আং।	ইং	হ্লীং	ইং।	ঈং	হ্লীং	ঈং।
উং	হ্লীং	উং।	ঊং	হ্লীং	ঊং।	ঋং	হ্লীং	ঋং।	ৠং	হ্লীং	ৠং।
ঌং	হ্লীং	ঌং।	ৡং	হ্লীং	ৡং।	এং	হ্লীং	এং।	ঐং	হ্লীং	ঐং।
ওং	হ্লীং	ওং।	ঔং	হ্লীং	ঔং।	অং	হ্লীং	অং।	অঃ	হ্লীং	অঃ।
কং	হ্লীং	কং।	খং	হ্লীং	খং।	গং	হ্লীং	গং।	ঘং	হ্লীং	ঘং।
ঙং	হ্লীং	ঙং।	চং	হ্লীং	চং।	ছং	হ্লীং	ছং।	জং	হ্লীং	জং।
ঝং	হ্লীং	ঝং।	ঞং	হ্লীং	ঞং।	টং	হ্লীং	টং।	ঠং	হ্লীং	ঠং।
ডং	হ্লীং	ডং।	ঢং	হ্লীং	ঢং।	ণং	হ্লীং	ণং।	তং	হ্লীং	তং।
থং	হ্লীং	থং।	দং	হ্লীং	দং।	ধং	হ্লীং	ধং।	নং	হ্লীং	নং।
পং	হ্লীং	পং।	ফং	হ্লীং	ফং।	বং	হ্লীং	বং।	ভং	হ্লীং	ভং।
মং	হ্লীং	মং।	যং	হ্লীং	যং।	রং	হ্লীং	রং।	লং	হ্লীং	লং।
বং	হ্লীং	বং।	শং	হ্লীং	শং।	ষং	হ্লীং	ষং।	সং	হ্লীং	সং।

হং হ্লীং হং। লং হ্লীং লং। ক্ষং হ্লীং ক্ষং।

বিলোম ক্রমে ১বার পাঠ্য—

ক্ষং	হ্লীং	ক্ষং।	লং	হ্লীং	লং।	হং	হ্লীং	হং।	সং	হ্লীং	সং।
ষং	হ্লীং	ষং।	শং	হ্লীং	শং।	বং	হ্লীং	বং।	লং	হ্লীং	লং।
রং	হ্লীং	রং।	যং	হ্লীং	যং।	মং	হ্লীং	মং।	ভং	হ্লীং	ভং।
বং	হ্লীং	বং।	ফং	হ্লীং	ফং।	পং	হ্লীং	পং।	নং	হ্লীং	নং।
ধং	হ্লীং	ধং।	দং	হ্লীং	দং।	থং	হ্লীং	থং।	তং	হ্লীং	তং।
ণং	হ্লীং	ণং।	ঢং	হ্লীং	ঢং।	ডং	হ্লীং	ডং।	ঠং	হ্লীং	ঠং।
টং	হ্লীং	টং।	ঞং	হ্লীং	ঞং।	ঝং	হ্লীং	ঝং।	জং	হ্লীং	জং।
ছং	হ্লীং	ছং।	চং	হ্লীং	চং।	ঙং	হ্লীং	ঙং।	ঘং	হ্লীং	ঘং।
গং	হ্লীং	গং।	খং	হ্লীং	খং।	কং	হ্লীং	কং।	অঃ	হ্লীং	অঃ।
অং	হ্লীং	অং।	ঔং	হ্লীং	ঔং।	ওং	হ্লীং	ওং।	ঐং	হ্লীং	ঐং।
এং	হ্লীং	এং।	ৡং	হ্লীং	ৡং।	ঌং	হ্লীং	ঌং।	ৠং	হ্লীং	ৠং।
ঋং	হ্লীং	ঋং।	ঊং	হ্লীং	ঊং।	উং	হ্লীং	উং।	ঈং	হ্লীং	ঈং।
ইং	হ্লীং	ইং।	আং	হ্লীং	আং।	অং	হ্লীং	অং।			

পঞ্চগব্য প্রমাণম্— গোমূত্রং গোময়ং ক্ষীরং দধি সর্পিঃ কুশোদকম্।
পঞ্চগব্যমিদং প্রোক্তম্ ঋষিভিঃ পূর্বদর্শিভিঃ॥

অর্থাৎ—পূর্বদ্রষ্টা ঋষিগণ বলিয়াছেন—গোমূত্র, গোময়, দুগ্ধ, দধি এবং ঘৃত। ইহাই পঞ্চগব্য।

পঞ্চগব্য ভাগ প্রমাণম্— পল মাত্রং দুগ্ধভাগং গোমূত্র অবদিয্যতে।
ঘৃতঞ্চ পল মাত্রং স্যাদ্ গোময়ং তোলকদ্বয়ম্॥
দধি প্রসূতি মাত্রং স্যাৎ পঞ্চগব্য মিদং স্মৃতম্।

অথবা—পাঞ্চগব্যানাং সমানো ভাগ ইষ্যতে॥

অর্থাৎ—দুগ্ধ এক পলমাত্র, গোমূত্র তদৰ্দ্ধ। ঘৃত এক পলমাত্র এবং গোময় দুই তোলামাত্র। দধি এক প্রসূতি মাত্র। ইহাই পঞ্চগব্যের পরিমাপ।

অথবা—দুগ্ধ, দধি, ঘৃত, গোমূত্র ও গোময় সমান ভাগ।

তন্ত্রোক্ত পঞ্চগব্য শোধন—(হ্লীং) মূলমন্ত্রে প্রত্যেকের শোধন এবং মিশ্রণ করিবেন।

বেদি শোধন— "ওঁ বেদ্যা বেদিঃ সমাপ্যতে বর্হিষা বর্হিরিন্দ্রিয়ম্।
যূপেন যূপ আপ্যতে, প্রণীতো অগ্নিরগ্নিনা॥"

চন্দ্রাতপ শোধন— "ওঁ ঊর্দ্ধ উষু ন উতয়ে, তিষ্ঠা দেবো ন সবিতা।
ঊর্দ্ধ বাজস্য সনিতা যদঞ্জিভির্বাঘদ্ভির্বিহুয়া মহে॥"

ঘট প্রমাণম্— সৌবর্ণং রাজতং তাম্রং কাংস্যজং মৃত্তিকোদ্ভবং।
পাষাণং কাচজং বাপি ঘট মক্ষতম ব্রণম্॥
কারয়েৎ দেবতা প্রীত্যৈ বিত্তশাঠ্যং বিবর্জয়েৎ॥

অর্থাৎ—স্বর্ণ, রৌপ্য, তাম্র, কাংস্যজ, মৃত্তিকা নির্মিত, পাষাণ নির্মিত, কাচ নির্মিত, দাগশূন্য, অক্ষত এবং সুদৃশ্য ঘট পূজাকার্যে প্রশস্ত।

ফলমাহ—সৌবর্ণং ভোগদং প্রোক্তং রাজতং মোক্ষদায়কম্। তাম্রং প্রীতিকরং জ্ঞেয়ং কাংস্যজং পুষ্টিবর্দ্ধনম্॥ কাচং বশ্যকরং প্রোক্তং পাষাণং শুভকর্মণি। মৃন্ময়ং সর্বকার্য্যেষু সুদৃশ্যং সু পরিষ্কৃতম্॥

অর্থাৎ—সুবর্ণ ঘট ভোগ প্রদায়ক, রৌপ্য ঘট মোক্ষ প্রদায়ক, তাম্রঘট প্রীতিবর্দ্ধনকারী, কাংস্য ঘট পুষ্টিবর্দ্ধনকারক, কাচ নির্মিত ঘট বশ্য কার্যে প্রশস্ত, পাষাণ নির্মিত ঘট শুভকর্মে প্রশস্ত। মৃন্ময় নির্মিত ঘট সর্বকার্যে প্রশস্ত। সুদৃশ্য এবং পরিষ্কৃত ঘট পূজাদি কার্যে প্রশস্ত।

ঘট পরিমাপ— ষট্‌ত্রিংশদঙ্গুলংশ্চৈব ষোড়শাঙ্গুল মুচ্চকৈঃ।
চতুরঙ্গুলকং কণ্ঠং মুখং তস্য ষড়ঙ্গুলম্॥
পঞ্চাঙ্গুল নির্মিতং মূলং বিধানং ঘট নির্মিতেঃ॥

অর্থাৎ—ছত্রিশ অঙ্গুলি পরিমাণ ঘটের বেড়, ষোড়শ অঙ্গুলি প্রমাণ উচ্চতায়, গলদেশের

পরিমাপ চারি অঙ্গুলি, মুখের পরিমাপ ছয় অঙ্গুলি, মূলদেশের পরিমাপ পঞ্চ অঙ্গুলি। ইহাই ঘটের পরিমাপ এবং এই ঘট সর্বকার্যে প্রশস্ত।

পঞ্চপল্লব প্রমাণম্— পনসাম্রং তথাশ্বত্থং বটং বকুলমেব চ।
পঞ্চপল্লব মিত্যুক্তং মুনিভিঃ স্তন্ত্র বেদিভিঃ॥

অর্থাৎ—কাঁঠাল, আম্র, অশ্বত্থ, বট এবং বকুল। মুনিগণ ইহাকেই তন্ত্রোক্ত পঞ্চপল্লব বলিয়াছেন।

পুরাণোক্ত পঞ্চপল্লব— অশ্বত্থোড়ুম্বরপ্লক্ষবট চতুশ্চ পল্লবাঃ।

অর্থাৎ—অশ্বত্থ, যজ্ঞডুমুর, প্লক্ষ অর্থাৎ পাকুড়, বট এবং আম্র; ইহাই পুরাণোক্ত পঞ্চপল্লব।

পঞ্চরত্ন প্রমাণম্— ইন্দ্রনীলং পদ্মরাগং বজ্রং মৌক্তিক মেব চ।
প্রবালঞ্চ মহাভাগ পঞ্চরত্নং প্রচক্ষ্যতে॥

অর্থাৎ—ইন্দ্রনীল (নীলা), পদ্মরাগ (পোখরাজ), বজ্র (হীরক), মৌক্তিক (মুক্তা), প্রবাল; ইহাই পঞ্চরত্ন।

প্রমাণান্তরঞ্চ তন্ত্রান্তরে— মণির্মুক্তা প্রবালঞ্চ রজতং কাঞ্চনস্তথা।
পঞ্চরত্নমিদং প্রোক্তম্‌ঋষিভিঃ পূর্বদর্শিভিঃ॥

অর্থাৎ—পূর্বদর্শি ঋষিগণ বলিয়াছেন—মণি (মাণিক্য বা চুনী), প্রবাল, রজত (রৌপ্য), কাঞ্চন (স্বর্ণ), ইহাই পঞ্চরত্ন।

নবরত্ন প্রমাণম্—মুক্তা মাণিক্য বৈদুর্য্যং গোমেদো বজ্র বিদ্রুমৌ। পদ্মরাগো মরকতং নীলঞ্চেতি যথাক্রমম্॥ নবরত্নং পঞ্চরত্নং ঘটমধ্যে বিনিক্ষিপ্যে। তদভাবে মহেশানি সুবর্ণঞ্চ প্রদাপয়েৎ॥

অর্থাৎ মহাদেব পার্বতীকে বলিয়াছেন—হে মহেশানি! মুক্তা, মাণিক্য, বৈদুর্য মণি, গোমেদ, বজ্র (হীরক), বিদ্রুম—প্রবাল, পদ্মরাগ—চুনী, মরকত—পান্না, নীল—নীলকান্ত মণি (নীলা)। ইহাই নবরত্ন। পঞ্চরত্ন এবং নবরত্ন ঘট মধ্যে প্রদান করিবে। তাহার অভাবে ঘটে সুবর্ণ প্রদান করিবে।

তন্ত্রোক্ত ঘটস্থাপন—পঞ্চগুঁড়ি দ্বারা ভূমিতে অষ্টদল পদ্ম অঙ্কন করিয়া তদুপরি ধান্য বা পঞ্চশস্য, গঙ্গা বা শুদ্ধ মৃত্তিকা দিয়া তদুপরি সুদৃশ্য, দাগবিহীন, সুদৃঢ় জলপূর্ণ ঘট বসাইয়া তদুপরি পঞ্চপল্লব, পঞ্চরত্ন ও নবরত্ন ঘটে দিয়া তদুপরি এক সরা আতপ তণ্ডুল দিবেন। তদুপরি সশীষ ডাব দিয়া বস্ত্র দ্বারা আচ্ছাদন করিবেন। ঘটের গলায় ৫ বা ৭ গাছি দূর্বাযুক্ত হরিদ্রাসূত্র আলতা সহ বাঁধিয়া দিবেন। ঘটে সিন্দূর পুত্তলিকা অঙ্কন করিবেন। ঘটে দধি এবং অক্ষত (আতপ তণ্ডুল) লিপ্ত করিবেন। এইরূপে ঘট বসাইয়া তন্ত্রোক্ত মন্ত্রে স্থাপন করিবেন।

তন্ত্রোক্ত ঘটস্থাপন মন্ত্র—"ক্লীং" মন্ত্রে কুশোদক দ্বারা ঘট প্রোক্ষণ করিবেন। "ঐং" মন্ত্রে তাড়ন, "হ্লীং" মন্ত্রে ঘট স্থাপন করিবেন। "হ্রং" মন্ত্রে ঘটে জলপূরণ করিবেন। তৎপরে তীর্থাবাহন করিবেন।

যথা— "হ্লীং গঙ্গাদ্যাঃ সরিতঃ সর্বাঃ সমুদ্রাশ্চ সরাংসি চ।
সর্বে সমুদ্রাঃ সরিতঃ সরাংসি জলদা নদাঃ॥
হ্রদাঃ প্রস্রবণাঃ পুণ্যাঃ স্বর্গঃ পাতালভূগতাঃ।
সর্বতীর্থানি পুণ্যানি ঘটে কুর্বন্তু সন্নিধিম্॥"

অতঃপর "হ্লীং" মন্ত্রে পঞ্চরত্ন ও নবরত্ন তদভাবে সুবর্ণ দিবেন। "নমঃ" মন্ত্রে গন্ধ (চন্দন) "যং" মন্ত্রে পুষ্প, "হ্লীং" মন্ত্রে দূর্বা। সকর্পূর গন্ধপুষ্প—"হ্লীং"। পঞ্চপল্লব—"শ্রীং"। সরাপূর্ণ তণ্ডুল—"হ্লীং শ্রীং"। ফল—"হূং"। স্থিরিকরণ—"স্ত্রীং"। বস্ত্রযুগল—"নমঃ"। সিন্দূর—"শ্রীং"। অভ্যুক্ষণ—"ওঁ"। তাড়ন—"হূং ফট্ স্বাহা।" স্থিরীকরণ—"স্থাং স্থীং হ্লীং শ্রীং স্থিরাভব।" অনন্তর—"হ্লীং বগলামুখ্যৈ বিদ্মহে স্তম্ভিন্যৈ ধীমহি তন্নো দেবী প্রচোদয়াৎ।" এই দেবী গায়ত্রী ঘটের উপর ১০ বার জপ করিবেন।

অতঃপর "রং" মন্ত্রে নিজেকে বহ্নি বেষ্টন চিন্তা করিয়া, স্ববক্ষে হস্ত দিয়া আত্মরক্ষা মন্ত্র পাঠ করিবেন। যথা—"ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা। ওঁ আং হূং ফট্ স্বাহা।" অতঃপর প্রাণায়াম করিবেন।

প্রাণায়াম—দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠা দ্বারা দক্ষিণ নাসারন্ধ্ররুদ্ধ করিয়া 'হ্লীং' মূলমন্ত্র যোড়শ বার

জপ করিতে করিতে বাম নাসায় বায়ু পূরণ করিবেন। তৎপরে উভয় নাসাপুট রুদ্ধ করিয়া চতুঃষষ্টিবার (হ্লীং) মূল মন্ত্র জপ করিতে করিতে কুম্ভক করিবেন। অতঃপর (হ্লীং) মূলমন্ত্র দ্বাত্রিংশদ্বার জপ করিতে করিতে দক্ষিণ নাসাপুটে রেচক অর্থাৎ বায়ু ত্যাগ করিবেন। পরে বিপরীত ক্রমে যোড়শবার (হ্লীং) মূলমন্ত্র জপ করিতে করিতে বাম নাসাপুটে বায়ুপূরণ করিবেন। উভয় নাসাপুট রুদ্ধ করিয়া চতুঃষষ্টিবার মূলমন্ত্র জপ করিতে করিতে কুম্ভক করিবেন। অতঃপর দ্বাত্রিংশদ্বার (হ্লীং) মূলমন্ত্র জপ করিতে করিতে বামনাসায় রেচক অর্থাৎ বায়ু ত্যাগ করিবেন। তৎপরে পুনরায় প্রথম বারের ন্যায় যোড়শবার (হ্লীং) মূলমন্ত্র জপ করিতে করিতে বামনাসায় বায়ুপূরণ করিবেন। উভয় নাসাপুট রুদ্ধ করিয়া চতুঃষষ্টিবার (হ্লীং) মূলমন্ত্র জপ করিতে করিতে কুম্ভক করিয়া দ্বাত্রিংশদ্বার (হ্লীং) মূলমন্ত্র জপ করিতে করিতে দক্ষিণ নাসাপুটে রেচক অর্থাৎ বায়ু ত্যাগ করিবেন। এইরূপ তিনবার করিলে একবার প্রাণায়াম হয়। প্রাণায়াম পূরকে যোড়শ, কুম্ভকে চতুঃষষ্টি এবং রেচকে দ্বাত্রিংশদ্বার করিতে হয়।

অসামর্থ পক্ষে—যোড়শবার স্থলে চারিবার, চতুঃষষ্টিবার স্থলে যোড়শবার এবং দ্বাত্রিংশদ্বার স্থলে আটবার জপ করিলেও সিদ্ধ হয়।

ভূতশুদ্ধি—'রং' ইতি জলধারয়া আত্মানং বেষ্টয়িত্বা বহ্নি প্রকারং বিচিন্ত্য স্বাঙ্কে উত্তানৌ করৌ কৃত্বা 'হংসঃ' ইতি মন্ত্রেণ হৃদয়স্থং জীবাত্মানং দীপ কলিকাকারং মূলধারস্থিত কুলকুণ্ডলিন্যা সহ,

সুষুম্নাবর্ত্মনা মূলাধার-স্বাধিষ্ঠান-মণিপূরকানাহত বিশুদ্ধাজ্ঞাস্য ষট্চক্রাণি ভিত্বা শিরোবস্থিতা বোমুখমহজনবামকর্ণিকান্তর্গত পরমাত্মনি সংযোজ্য, তত্রৈব পৃথিব্যপ্ তেজোবায়্বাকাশ-গন্ধ-রস-রূপ-স্পর্শ শব্দ-নাসিকা-জিহ্বা-চক্ষুস্তক্-শোত্র-বাক্-পাণি পাদ পায়ূপস্থ প্রকৃতি মনোবুদ্ধ্যহঙ্কার রূপ-চতুর্বিংশতিতত্ত্বানি-লীনানি বিভাব্য, (দক্ষিণাঙ্গুষ্ঠেন) দক্ষিণ নাসাপুটং ধৃত্বা, যং ইতি বায়ুবীজং ধূম্রবর্ণং বাসনাসাপুটে বিচিন্ত্য, তস্য (যং বীজস্য) যোড়শবারজপেন বায়ুনা দেহমাপূর্য্য, (কনিষ্ঠানামিকা ভ্যাং) বামনাসাপুটমপি ধৃত্বা, তস্য (যং বীজস্য) চতুঃষষ্টিবার জপেন কুম্ভকং কৃত্বা, বামকুক্ষিস্থ কৃষ্ণবর্ণ পাপপুরুষেণ সহ দেহং সংশোষ্য, (দক্ষিণনাসাপুটং ত্যক্ত্বা) তস্য (যং বীজস্য) দ্বাত্রিংশদ্বার জপেন দক্ষিণ নাসয়া বায়ু রেচয়েৎ। ততো দক্ষিণনাসাপুটে 'রং' ইতি বহ্নিবীজং রক্তবর্ণং ধ্যাত্বা, তস্য (রং বীজস্য) যোড়শবার জপেন বায়ুনা দেহমাপূর্য্য (অঙ্গুষ্ঠেন পুনঃ) দক্ষিণনাসাপুটং ধৃত্বা, তস্য (রং বীজস্য) চতুঃষষ্টিবার জপেন কুম্ভকং কৃত্বা, পাপপুরুষেণ সহ দেহং দগ্ধ্বা, (বামনাসাপুটং ত্যক্ত্বা) তস্য (রং বীজস্য) দ্বাত্রিংশদ্বার জপেন বামনাসয়া ভস্মনা সহ বায়ুং রেচয়েৎ। ততঃ 'ঠং' ইতি চন্দ্রবীজং শুক্লবর্ণং বামনাসাপুটে ধ্যাত্বা তস্য (ঠং বীজস্য) যোড়শবার জপেন ললাটে চন্দ্রং নীত্বা, বাম নাসাপুটং ধৃত্বা, 'বং' ইতি বরুণ বীজস্য চতুঃষষ্টিবার জপেন কুম্ভকং কৃত্বা, তস্মাৎ ললাট চন্দ্রাদ্ গলিত সুধয়া মাতৃকাবর্ণাত্মিকয়া সমস্ত দেহং বিরচর্য্য, (দক্ষিণ নাসাপুটং

ত্যক্ত্বা) 'লং' ইতি পৃথ্বী বীজস্য দ্বাত্রিংশদ্বার জপেন দেহং সুদৃঢ়ং বিচিন্ত্য, দক্ষিণ নাসয়া বায়ু রেচয়েৎ। ততঃ 'সোহহং' ইতি মন্ত্রেণ জীবাত্মানং স্বহৃদয়ম্ আনীয়, কুলকুণ্ডলিনীং পৃথিব্যাদীনি চ যথাস্থানে স্থাপয়েৎ।

বৃহৎ ভূতশুদ্ধিতে অসামর্থ হইলে সংক্ষেপ ভূতশুদ্ধি করিবেন।

সংক্ষেপ ভূতশুদ্ধি—নাসাদ্বয় রুদ্ধ করিয়া নিম্নলিখিত মন্ত্র চতুষ্টয় পাঠ করিতে করিতে পূজনীয় দেবতাকে চিন্তা করিলেই সংক্ষেপ ভূতশুদ্ধি হয়। মন্ত্র চতুষ্টয়, যথা—

ওঁ মূলশৃঙ্গাটাচ্ছিরঃ সুষুম্নাপথেন জীবশিবং পরমশিবপদে যোজয়ামি স্বাহা॥ ১॥

যং লিঙ্গশরীরং শোষয় শোষয় স্বাহা॥ ২॥

রং সঙ্কোচশরীরং দহ দহ স্বাহা॥ ৩॥

পরমশিব সুষুম্নাপথেন মূলশৃঙ্গাটমুল্লসোল্লস জ্বল জ্বল প্রজ্বল প্রজ্বল হংসঃ সোহহং স্বাহা॥ ৪॥

উপরোক্ত মন্ত্র পাঠ, অথবা—"ওঁ হ্রৌং" মন্ত্রটি ১০৮ বার জপেও ভূতশুদ্ধি হয়। অতঃপর ন্যাসাদি ক্রিয়া করিবেন।

ন্যাসে অঙ্গুলি নিয়ম—তত্র করন্যাসে হস্তদ্বয়ম্ অধোমুখং কৃত্বা, দক্ষিণ তর্জন্যা দক্ষিণাঙ্গুষ্ঠং, বাম তর্জন্যা বামাঙ্গুষ্ঠঞ্চ স্পৃশেৎ। ততো যথাক্রমং দক্ষিণাঙ্গুষ্ঠেন দক্ষিণ তর্জন্যাদি বামাঙ্গুষ্ঠেন বামতর্জন্যাদি স্পৃশেৎ॥

অর্থাৎ—হস্তদ্বয় অধোমুখ করিয়া যথাক্রমে প্রত্যেক হস্তের তর্জনী দ্বারা অঙ্গুষ্ঠ অর্থাৎ দক্ষিণ হস্তের তর্জনী দ্বারা দক্ষিণ অঙ্গুষ্ঠ এবং বাম তর্জনী দ্বারা বামাঙ্গুষ্ঠ ও তৎপরে অঙ্গুষ্ঠ দ্বারা তর্জনী, মধ্যমা এবং অনামিকা স্পর্শ করিবেন।

অঙ্গন্যাসম্—হৃদয়ং মধ্যমানাতর্জনীভিঃ স্মৃতং শিরঃ। মধ্যমাতর্জনীভ্যাং স্যাঙ্গুষ্ঠেন শিখাং তথা। দশভিঃ কবচং প্রোক্তং তিসৃভির্নেত্রমীরিতম্। প্রোক্তাঙ্গুলিভ্যামস্ত্রং স্যাদঙ্গক্লৃপ্তিরিয়ং লিপ্তিরিয়ং মতা॥ তর্জনী-মধ্যমানায়াঃ প্রোক্তা নেত্রত্রয়ে ক্রমাৎ। যদি নেত্রদ্বয়ং প্রোক্তং তদা তর্জনীমধ্যমে চ॥

অর্থাৎ—দক্ষিণ হস্তের তর্জনী, মধ্যমা ও অনামা দ্বারা হৃদয়, তর্জনী ও মধ্যমা দ্বারা মস্তক, অঙ্গুষ্ঠ দ্বারা শিখা, উভয় হস্তের দশাঙ্গুলি দ্বারা কবচ, বামহস্তের ক্রোড়ে দক্ষিণ হস্ত রাখিয়া ত্রিনেত্র দেবতার পক্ষে দক্ষিণ হস্তের মধ্যমা দ্বারা ললাটের মধ্যস্থল, তর্জনী দ্বারা দক্ষিণ চক্ষু ও অনামা দ্বারা বামচক্ষু স্পর্শ করিতে হয়।

ব্যাপকন্যাস—"ওঁ আং হূং ফট্ স্বাহা।" তত্র শিরস্তঃ পাদান্তমিত্যেরাধা; পাদতঃ শিরোহস্তমিতি দ্বিধা।

অর্থাৎ—"ওঁ আং হূং ফট্ স্বাহা।" মন্ত্রে—উভয় হস্তের করতল দ্বারা পাঁচ, সাত অথবা তিনবার সর্বাঙ্গ স্পর্শ করিবেন। মস্তক হইতে পাদ পর্যন্ত একবার, পাদান্ত হইতে শির প্রভৃতি দুইবার। এইভাবে সাতবার ব্যাপকন্যাস করিবেন। অতঃপর বগলামুখী পর্যায় অনুসারে জীবন্যাস করিবেন।



লেলিহান মুদ্রা

জীবন্যাস—লেলিহান মুদ্রায়—"ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হৌং হংসঃ শ্রীমদ্ বগলামুখী দেবতায়াঃ প্রাণা ইহ প্রাণাঃ।" (ইতি হৃদয়ে)। সর্বত্রই হৃদয়ে ন্যাস করিতে হইবে। "ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হৌং হংসঃ শ্রীমদ্ বগলামুখী দেবতায়াঃ জীব ইহ স্থিতঃ। ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হৌং হংসঃ শ্রীমদ্ বগলামুখী দেবতায়াঃ সর্বেন্দ্রিয়াণি। ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হৌং হংসঃ শ্রীমদ্ বগলামুখী দেবতায়াঃ বাঙ্মনশ্চক্ষুশ্রোত্রঘ্রাণপ্রাণা ইহাগত্য সুখং চিরং তিষ্ঠন্তু স্বাহা॥"

মাতৃকান্যাস—করজোড়ে পাঠ করিবেন—"ওঁ অস্য মাতৃকামন্ত্রস্য ব্রহ্মঋষিঃ গায়ত্রীচ্ছন্দো মাতৃকা-সরস্বতী দেবতা হলো বীজানি স্বরাঃ শক্তয়ঃ অব্যক্তং কীলকং সর্বাভীষ্টসিদ্ধয়ে লিপিন্যাসে বিনিয়োগঃ। (শিরসি)—ওঁ ব্রহ্মণে ঋষয়ে নমঃ। (মুখে)—ওঁ গায়ত্রী ছন্দসে নমঃ। (হৃদি)—ওঁ মাতৃকা সরস্বতী দেবতায়ৈ নমঃ। (গুহ্যে)—ওঁ হলভ্যো বীজেভ্যো নমঃ। (পাদয়োঃ)—ওঁ স্বরেভ্যঃ শক্তিভ্যো নমঃ। (সর্বাঙ্গে)—ওঁ অব্যক্তায় কীলকায় নমঃ।" (তত্ত্বমুদ্রায় ন্যাস করিবেন।)

করন্যাস—অং কং খং গং ঘং ঙং আং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ। ইং চং ছং জং ঝং ঞং ঈং তর্জনীভ্যাং স্বাহা। উং টং ঠং ডং ঢং ণং ঊং মধ্যমাভ্যাং বষট্। এং তং থং দং ধং নং ঐং অনামিকাভ্যাং হুং। ওং

পং ফং বং ভং মং ঔং কনিষ্ঠাভ্যাং বৌষট্। অং যং রং লং বং শং ষং সং হং লং ক্ষং অঃ করতলপৃষ্ঠাভ্যামস্ত্রায় ফট্।

অঙ্গন্যাস—অং কং খং গং ঘং ঙং আং হৃদয়ায় নমঃ। ইং চং ছং জং ঝং ঞং ঈং শিরসে স্বাহা। উং টং ঠং ডং ঢং ণং ঊং শিখায়ৈ বষট্। এং তং থং দং ধং নং ঐং কবচায় হুং। ওং পং ফং বং ভং মং ঔং নেত্রত্রায় বৌষট্। অং যং রং লং বং শং ষং সং হং লং ক্ষং অঃ করতলপৃষ্ঠাভ্যামস্ত্রায় ফট্।

অন্তর্মাতৃকান্যাস ধ্যানম্—

ওঁ আদিক্ষান্তময়ীং নবারুণরুচিং ষট্পত্রপদ্মাসনাং।
লীলাম্ভোরুহ্লোচনত্রয়যুতাং রাকাব্জুরপাননাং॥
পীযূষাং সুষমাং সুজুষ্টমুকুটাং বক্ষোজভারালসাং।
মালাচিক্ষ কুরঙ্গ পুস্তকধরাং ধ্যায়েন্তীং রত্নেশ্বরীম্॥

অন্তর্মাতৃকান্যাস—ধ্যানান্তে ন্যাস করিবেন। যথা— (কণ্ঠমূলে)—অং আং ইং ঈং উং ঊং ঋং ৠং ঌং ৡং এং ঐং ওং ঔং অং অঃ। (হৃদয়ে)—কং খং গং ঘং ঙং চং ছং জং ঝং ঞং টং ঠং। (নাভিদেশে)—ডং ঢং ণং তং থং দং ধং নং পং ফং। (লিঙ্গমূলে)—বং ভং মং যং রং লং। (মূলধারে)—বং শং ষং সং। (ভ্রূমধ্যে)—হং ক্ষং নমঃ।

বাহ্যমাতৃকান্যাস (সৃষ্টিক্রম) ধ্যানম্—

ওঁ পঞ্চাশল্লিপিভির্বিভক্ত মুখদোঃপন্মধ্যবক্ষঃস্থলাং,
ভাস্বন্মৌলিনিবদ্ধ-চন্দ্রশকলামাপীনতুঙ্গস্তনীম্।
মুদ্রামক্ষগুণং সুধাঢ্যকলসং বিদ্যাঞ্চ হস্তাম্বুজৈ-
র্বিভ্রাণাং বিশদপ্রভাং ত্রিনয়নাং বাগ্দেবতামাশ্রয়ে॥

বাহ্যমাতৃকান্যাস—ধ্যানান্তে ন্যাস করিবেন। যথা—অং নমঃ (ললাটে), আং নমঃ (মুখবৃত্তে), দক্ষিণ চক্ষু—ইং নমঃ, বামচক্ষু—ঈং নমঃ। দক্ষিণ কর্ণ—উং নমঃ। বামকর্ণ—ঊং নমঃ। দক্ষিণ নাসা—ঋং নমঃ। বামনাসা—ৠং নমঃ। দক্ষগণ্ডে—ঌং নমঃ। বামগণ্ডে—ৡং নমঃ।ওষ্ঠে—এং নমঃ। অধরে ঐং নমঃ। উর্দ্ধদন্ত পংক্তি—ওং নমঃ। অধোদন্ত পংক্তি—ঔং নমঃ। মস্তকে—অং নমঃ। মুখবিবরে—অঃ নমঃ। দক্ষ বাহুমূলে—কং নমঃ। কূর্পরে—খং নমঃ। মণিবন্ধে—গং নমঃ। অঙ্গুলিমূলে—ঘং নমঃ। অঙ্গুল্যগ্রে—ঙং নমঃ। বাম বাহুমূলে—চং নমঃ। কূর্পরে—ছং নমঃ। মণিবন্ধে—জং নমঃ। অঙ্গুলিমূলে—ঝং নমঃ। অঙ্গুল্যগ্রে—ঞং নমঃ। দক্ষিণ পাদমূলে—টং নমঃ। জানুনি—ঠং নমঃ। গুলফে—ডং নমঃ। অঙ্গুলিমূলে—ঢং নমঃ। অঙ্গুল্যগ্রে—ণং নমঃ। বামপাদমূলে—তং নমঃ। জানুনি—থং নমঃ। গুলফে—দং নমঃ। অঙ্গুলিমূলে—ধং নমঃ। অঙ্গুল্যগ্রে—নং নমঃ। দক্ষিণ পার্শ্বে—পং নমঃ। বামপার্শ্বে—ফং নমঃ। পৃষ্ঠে—বং নমঃ। নাভিতে—

—ভং নমঃ। জঠরে—মং নমঃ। পুনর্হৃদি—যং নমঃ। দক্ষিণ স্কন্ধে—রং নমঃ। গ্রীবাতে—লং নমঃ। বামস্কন্ধে—বং নমঃ। হৃদাদি দক্ষহস্তে—শং নমঃ। হৃদাদি বামবাহু—ষং নমঃ। হৃদাদি দক্ষিণপাদে—সং নমঃ। হৃদাদি বামপাদে—হং নমঃ। হৃদাদ্যুদরে—লং নমঃ। হৃদাদি মুখে—ক্ষং নমঃ।

বাহ্যমাতৃকান্যাস (স্থিতিক্রম) ধ্যানম্—

সিন্দুরকান্তিমমিতাভরণাং ত্রিনেত্রাং, বিদ্যাক্ষসূত্রমৃগপোতবরান্ দধানাং।
পার্শ্বেস্থিতাং ভগবতীমপি কাঞ্চনাভাং, ধ্যায়েৎ করাব্জধৃতপুস্তকবর্ণমালাম্॥

বাহ্যমাতৃকান্যাস—ধ্যানান্তে ন্যাস করিবেন। যথা—দক্ষপাদমূলে—টং নমঃ। দক্ষ জানুতে—ঠং নমঃ। দক্ষ গুল্‌ফে—ডং নমঃ। দক্ষ অঙ্গুলিমূলে—ঢং নমঃ। দক্ষপাদঙ্গুল্যগ্রে—ণং নমঃ। বামউরুমূলে—তং নমঃ। বামজানুনি—থং নমঃ। বামগুল্‌ফে—দং নমঃ। বামপাদ অঙ্গুলিমূলে—ধং নমঃ। বামপাদ অঙ্গুল্যগ্রে—নং নমঃ। দক্ষপার্শ্বে—পং নমঃ। বামপার্শ্বে—ফং নমঃ। পৃষ্ঠে—বং নমঃ। নাভিতে—ভং নমঃ। উদরে—মং নমঃ। হৃদি—যং ত্বগাত্মনে নমঃ। দক্ষস্কন্ধে—রং অসৃগাত্মনে নমঃ। ককুদি—লং মাংসাত্মনে নমঃ। বামস্কন্ধে—বং মেদাত্মনে নমঃ। হৃদাদি দক্ষবাহু—শং অস্থ্যাত্মনে নমঃ। হৃদাদি বামবাহু—ষং মজ্জাত্মনে নমঃ। হৃদাদি দক্ষপাদে—সং শুক্রাত্মনে নমঃ। হৃদাদি বামপাদ—হং প্রাণাত্মনে নমঃ। হৃদাদি উদর পর্য্যন্তং—লং জীবাত্মনে নমঃ। হৃদাদি মুখ পর্যন্তং—ক্ষং প্রাণাত্মনে নমঃ। ললাটে—অং নমঃ। মুখবৃত্তে—আং নমঃ। দক্ষিণ

চক্ষে—ইং নমঃ। বাম চক্ষুতে—ঈং নমঃ। দক্ষ কর্ণে—উং নমঃ। বামকর্ণে—ঊং নমঃ। দক্ষনাসা—ঋং নমঃ। বামনাসা—ৠং নমঃ। দক্ষগণ্ডে—ঌং নমঃ। বামগণ্ডে—ৡং নমঃ। ওষ্ঠে—এং নমঃ। অধরে—ঐং নমঃ। ঊর্দ্ধদন্তপংক্তৌ—ওং নমঃ। অধোদন্তপংক্তৌ—ঔং নমঃ। মস্তকে—অং নমঃ। মুখবিরবে—অঃ নমঃ। দক্ষ বাহুমূলে—কং নমঃ। কূর্পরে—খং নমঃ। মণিবন্ধে—গং নমঃ। অঙ্গুলিমূলে—ঘং নমঃ। অঙ্গুল্যগ্রে—ঙং নমঃ। বামবাহুমূলে—চং নমঃ। কূর্পরে—ছং নমঃ। মণিবন্ধে—জং নমঃ। অঙ্গুলিমূলে—ঝং নমঃ। অঙ্গুল্যগ্রে—ঞং নমঃ। দক্ষ উরুমূলে—টং নমঃ। জানুনি—ঠং নমঃ।

আদিতে "ওঁ" এবং অন্তে "নমঃ" সহযোগে ন্যাস করিবেন। এই পর্যন্ত করিয়া সংহারমাতৃকান্যাস করিবেন।

সংহারমাতৃকান্যাস ধ্যানম্—

ওঁ অক্ষস্রজং হরিণপোতমুদগ্রটঙ্কং, বিদ্যাং করৈরবিরতং দধতীং ত্রিনেত্রাম্।
অর্দ্ধেন্দুমৌলিমরুণামরবিন্দবাসাং, বর্ণেশ্বরীং প্রণমত স্তনভারনম্রাম্॥

সংহারমাতৃকান্যাস—ধ্যানান্তে ন্যাস করিবেন। যথা—হৃদাদি মুখে—ক্ষং নমঃ। হৃদাদি উদরে—লং নমঃ। হৃদাদি বামপাদে—হং নমঃ। হৃদাদি দক্ষিণপাদে—সং নমঃ। হৃদাদি বামহস্তে—ষং নমঃ। হৃদাদি দক্ষবাহু—শং নমঃ। বামস্কন্ধে—বং নমঃ। গ্রীবাতে—লং নমঃ।

দক্ষস্কন্ধে—বং নমঃ। হৃদয়ে—যং নমঃ। জঠরে—মং নমঃ। নাভৌ—ভং নমঃ। পৃষ্ঠে—বং নমঃ। বামপার্শ্বে—ফং নমঃ। দক্ষিণ পার্শ্বে—পং নমঃ। বামপাদাঙ্গুল্যগ্রে—নং নমঃ। অঙ্গুলিমূলে—ধং নমঃ। গুল্‌ফে—দং নমঃ। জানুনি—থং নমঃ। বামোরুমূলে—তং নমঃ। দক্ষ পাদাঙ্গুল্যগ্রে—ণং নমঃ। অঙ্গুলিমূলে—ঢং নমঃ। গুল্‌ফে—ডং নমঃ। জানুনি—ঠং নমঃ। দক্ষোরুমূলে—টং নমঃ। বামবাহু অঙ্গুল্যগ্রে—ঞং নমঃ। অঙ্গুলিমূলে—ঝং নমঃ। মণিবন্ধে—জং নমঃ। কূর্পরে—ছং নমঃ। বামবাহুমূলে—চং নমঃ। দক্ষবাহু অঙ্গুল্যগ্রে—ঙং নমঃ। অঙ্গুলিমূলে—ঘং নমঃ। মণিবন্ধে—গং নমঃ। কূর্পরে—খং নমঃ। দক্ষবাহুমূলে—কং নমঃ। মুখবিবরে—অঃ নমঃ। মস্তকে—অং নমঃ। অধোদন্ত পংক্তৌ—ঔং নমঃ। ঊর্ধ্বদন্ত পংক্তৌ—ওং নমঃ। অধরে—ঐং নমঃ। ওষ্ঠে—এং নমঃ। বামগণ্ডে—ঔং নমঃ। দক্ষগণ্ডে—ঌং নমঃ। বামনাসা—ৠং নমঃ। দক্ষিণ নাসা—ঋং নমঃ। বামকর্ণ—ঊং নমঃ। দক্ষিণকর্ণে—উং নমঃ। বামচক্ষু—ঈং নমঃ। দক্ষিণ চক্ষু—ইং নমঃ। মুখবৃত্তে—আং নমঃ। ললাটে—অং নমঃ। আদিতে "ওঁ" নমঃ এবং অন্তে "নমঃ" যোগে ন্যাস করিবেন। অতঃপর তত্বমুদ্রায় বর্ণন্যাস করিবেন—

বর্ণন্যাস—হৃদি—অং আং ইং ঈং উং ঊং ঋং ৠং ঌং ৡং নমঃ।

দক্ষিণবাহু—এং ঐং ওং ঔং অং অঃ কং খং গং ঘং নমঃ।

বামবাহু—ঙং চং ছং জং ঝং ঞং টং ঠং ডং ঢং নমঃ।

দক্ষিণপাদ—ণং তং থং দং ধং নং পং ফং বং ভং নমঃ।

বামপাদ—মং যং রং লং বং শং ষং সং হং লং ক্ষং নমঃ।

আদিতে "ওঁ" এবং অন্তে "নমঃ" সহযোগে ন্যাস করিবেন।

সূর্য্যার্ঘ্য দান—তাম্রপাত্রে (কোশায়) জল, তিল, রক্তবর্ণ পুষ্প, রক্তচন্দন, আতপ তণ্ডুল লইয়া মন্ত্রপাঠ পূর্বক সূর্য্যোদ্দেশে তাম্রটাটে দিবেন। মন্ত্র, যথা—"ওঁ হ্রীং হংসঃ মার্ত্তণ্ডভৈররায় গ্রহ নক্ষত্রযুতায় প্রকাশ শক্তি সহিতায় এষঃ অর্ঘ্যঃ (ইদমর্ঘ্যং বা) শ্রীসূর্য্যায় স্বাহা।" এইরূপে অর্ঘ্য দান করিয়া প্রণাম মন্ত্র পাঠপূর্বক প্রণাম করিবেন। মন্ত্র, যথা—

ওঁ জবাকুসুমসঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিম্।
ধ্বান্তারিং সর্বপাপঘ্নং প্রণতোঽস্মি দিবাকরম্॥

অতঃপর দেবীকে ঐভাবে পীতপুষ্প ও অন্যান্য অর্ঘ্য দ্রব্য দ্বারা অর্ঘ্য সজ্জিত করিয়া দেবীর উদ্দেশ্যে তাম্রটাটে দিবেন। মন্ত্র, যথা—"হ্লীং বগলামুখ্যৈ বিদ্মহে স্তম্ভিন্যৈ ধীমহি তন্নো দেবী প্রচোদয়াৎ, ওঁ উদ্যদাদিত্যমণ্ডলমধ্যবর্ত্তিন্যৈ নিত্যচৈতন্যাদিতায়ৈ এষঃ অর্ঘ্যঃ (ইদমর্ঘ্যং বা) শ্রীবগলামুখী দেবতায়ৈ স্বাহা।"

মধ্যাহ্নে অর্ঘ্যদান মন্ত্র—"হ্লীং বগলামুখ্যৈ বিদ্মহে স্তম্ভিন্যৈ ধীমহি তন্নো দেবী প্রচোদয়াৎ, ওঁ মর্ত্যমণ্ডলমধ্যবর্ত্তিন্যৈ নিত্যচৈতন্যোদিতায়ৈ এষঃ অর্ঘ্যঃ (ইদমর্ঘ্যং বা) শ্রীবগলামুখী দেবতায়ৈ স্বাহা।"

সায়াহ্নে অর্ঘ্যদান মন্ত্র—"হ্লীং বগলামুখ্যৈ বিদ্মহে স্তম্ভিন্যৈ ধীমহি তন্নো দেবী প্রচোদয়াৎ, ওঁ সূর্য্যমণ্ডলমধ্যবর্ত্তিন্যৈ নিত্যচৈতন্যোদিতায়ৈ এষঃ অর্ঘ্যঃ (ইদমর্ঘ্যং বা) শ্রীবগলামুখী দেবতায়ৈ স্বাহা।" এইরূপে দেবীকে অর্ঘ্য দান করিয়া শ্রীগুরুর পূজা করিবেন।

শ্রীগুরুর ধ্যান— শিরসি সহস্রদল কমলাবস্থিতং শ্বেতবর্ণং দ্বিভুজং,
বরাভয়করং শ্বেতমাল্যানুলেপনম্, স্বপ্রকাশ রূপং,
স্ববামস্থিত সুরক্ত শক্ত্যা স্বপ্রকাশ স্বরূপয়া সহিতং গুরুম্॥

ধ্যানান্তে নিম্নলিখিত মন্ত্রে যথাশক্তি শ্রীগুরুর পূজা করিবেন। মন্ত্র, যথা—

"এষ গন্ধঃ ঐং সশক্তিক গুরুং শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।

এতৎ সচন্দন পুষ্পম্ ঐং সশক্তিক গুরুং শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।

এষ ধূপঃ ঐং সশক্তিক গুরুং শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।

এষ দীপঃ ঐং সশক্তিক গুরুং শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।"

গুরু গায়ত্রী—ঐং গুরুদেবায় বিদ্মহে পরব্রহ্মণে ধীমহি তন্নো গুরুঃ প্রচোদয়াৎ। পুনরায় গায়ত্রী পাঠান্তে—"ইদং সোপকরণ নৈবেদ্যং ঐ সশক্তিক গুরুং শ্রীপাদুকং পূজয়ামি নমঃ।" পরে পুনরায় গুরু গায়ত্রী পাঠ করিয়া—"ইদং পানার্থোদকং ঐং সশক্তিক গুরুং শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।" পুনরায় গুরু গায়ত্রী পাঠান্তে—"ইদং আচমনীয়োদকং ঐং সশক্তিক গুরুং শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।" পুনরায় গুরু গায়ত্রী পাঠান্তে—"ইদং তাম্বুলং ঐং সশক্তিক গুরুং শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।" পুনরায় গুরু গায়ত্রী পাঠপূর্বক—"এষ সচন্দন পুষ্প বিল্বপত্রাঞ্জলিঃ ঐং সশক্তিক গুরুং শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।" মন্ত্রে গুরুর উদ্দেশ্যে পুষ্পাঞ্জলি দিয়া প্রণাম করিবেন। প্রণাম মন্ত্র, যথা—

ওঁ অখণ্ডমণ্ডলাকারং ব্যাপ্তং যেন চরাচরম্।
তৎপদং দর্শিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ॥
গুরুর্ব্রহ্মা গুরুর্বিষ্ণু গুরুর্দেব মহেশ্বরঃ।
গুরুরেব পরমব্রহ্ম তস্মৈ শ্রীগুরবে নমঃ॥

অতঃপর গণেশাদি পঞ্চ দেবতার পূজা করিবেন।—

গণেশ পূজা—কূর্মমুদ্রায় পুষ্প গ্রহণ করিয়া ধ্যান করিবেন। যথা—

গণেশের ধ্যান— ওঁ খর্বং স্থূলতনুং গজেন্দ্রবদনং লম্বোদরং সুন্দরং,
প্রস্যন্দন্মদগন্ধলুব্ধ মধুপ ব্যালোল গণ্ডস্থলম্।

দন্তাঘাত বিদারিতারিরুধিরৈঃ সিন্দুর শোভাকরং,
বন্দে শৈলসুতাসুতং গণপতিং সিদ্ধিপ্রদং কামদম্॥

এষ গন্ধঃ ওঁ গং গণেশায় নমঃ। এতৎ সচন্দন পুষ্পম ওঁ গং গণেশায় নমঃ। এষ ধূপঃ ওঁ গং গণেশায় নমঃ। এষ দীপঃ ওঁ গং গণেশায় নমঃ। এতন্নৈবেদ্যম্ ওঁ গং গণেশায় নমঃ।

গণেশের গায়ত্রী—ওঁ তৎপুরুষায় বিদ্মহে বক্রতুণ্ডায় ধীমহি তন্নো দণ্ডী প্রচোদয়াৎ।

অতঃপর প্রণাম করিবেন। যথা—

প্রণাম— ওঁ দেবেন্দ্র মৌলিমন্দার মকরন্দ কণারুণাঃ।
বিঘ্নং হরন্তু হেরম্বচরণাম্বুজরেণবঃ॥
একদন্তং মহাকায়ং লম্বোদরং গজাননম্।
বিঘ্ননাশকরং দেবং হেরম্বং প্রণমাম্যহম্॥

অতঃপর কূর্মমুদ্রায় সচন্দন পুষ্প লইয়া ধ্যানান্তে সূর্য্যের পূজা করিবেন। (সূর্য্য পূজায় তুলসী ও বিল্বপত্র নিষিদ্ধ)।

ধ্যান— ওঁ রক্তাম্বুজাসনমশেষগুণৈকসিন্ধুং,
ভানুং সমস্তজগতামধিপং ভজামি।

পদ্মদ্বয়াভয়বরান্ দধতং করাব্জৈ,
মাণিক্য মৌলিমরুণাঙ্গরুচিং ত্রিনেত্রম্॥

এষ গন্ধঃ ওঁ শ্রীসূর্য্যায় নমঃ। এতৎ সচন্দন পুষ্পং ওঁ শ্রীসূর্য্যায় নমঃ। এষ ধূপঃ ওঁ শ্রীসূর্য্যায় নমঃ। এষ দীপঃ ওঁ শ্রীসূর্য্যায় নমঃ। এতন্নৈবেদ্যম্ ওঁ শ্রীসূর্য্যায় নমঃ।

সূর্য্যের গায়ত্রী—ওঁ আদিত্যায় বিদ্মহে মার্ত্তণ্ডায় ধীমহি তন্নঃ সূর্য্য প্রচোদয়াৎ।

প্রণাম— ওঁ জবাকুসুমসঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিম্।
ধ্বান্তারিং সর্বপাপঘ্নং প্রণতোঽস্মি দিবাকরম্॥

অতঃপর কূর্মমুদ্রায় সচন্দন পুষ্প লইয়া ধ্যানান্তে নারায়ণের পূজা করিবেন।

ধ্যান— ওঁ ধ্যেয়ঃ সদা সবিতৃমণ্ডলমধ্যবর্ত্তী,
নারায়ণ সরসিজাসনসন্নিবিষ্টঃ।
কেয়ূরবান্ কনককুণ্ডলবান্ কিরীটিহারী,
হিরন্ময়বপুর্ধৃত শঙ্খচক্রঃ॥

এষ গন্ধঃ ওঁ শ্রীবিষ্ণবে নারায়ণায় নমঃ। এতৎ সচন্দন পুষ্পম্ ওঁ শ্রীবিষ্ণবে নারায়ণায় নমঃ। এতৎ সচন্দন তুলসীপত্রম্ ওঁ নমস্তে বহুরূপায় বিষ্ণবে পরমাত্মনে স্বাহা। এষ ধূপঃ ওঁ শ্রীবিষ্ণবে

নারায়ণায় নমঃ। এষ দীপঃ ওঁ শ্রীবিষ্ণবে নারায়ণায় নমঃ। এতন্নৈবেদ্যম্ ওঁ শ্রীবিষ্ণবে নারায়ণায় নমঃ।

নারায়ণের গায়ত্রী—ওঁ নমো নারায়ণায় বিদ্মহে বাসুদেবায় ধীমহি তন্নো বিষ্ণু প্রচোদয়াৎ

প্রণাম— ওঁ ত্রৈলোক্য পূজিত শ্রীমন্ সদা বিজয়বর্ধন।
শান্তিং কুরু গদাপাণে নারায়ণ নমোঽস্তুতে॥
নমো ব্রহ্মণ্য দেবায় গো-ব্রাহ্মণ হিতায় চ।
জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ॥

অতঃপর কূর্মমুদ্রায় সচন্দন পুষ্প লইয়া ধ্যানান্তে শিবের পূজা করিবেন।

ধ্যান— ওঁ ধ্যায়েন্নিত্যং মহেশং রজতগিরিনিভং চারুচন্দ্রাবতংসং,
রত্নাকল্পোজ্জ্বলাঙ্গং পরশুমৃগবরাভীতিহস্তং প্রসন্নম্।
পদ্মাসীনং সমন্তাৎ স্তুতমমরগণৈঃ ব্যাঘ্রকৃত্তিং বসানং,
বিশ্বাদ্যং বিশ্ববীজং নিখিল ভয়হরং পঞ্চবক্ত্রং ত্রিনেত্রম্॥

ধ্যানান্তে নিম্নলিখিত মন্ত্র পাঠপূর্বক ও ঘণ্টাবাদ্য সহকারে শিবলিঙ্গকে তদভাবে তাম্রটাটে

শিবোদ্দেশে স্নানীয় জল দিবেন। মন্ত্র, যথা—

ওঁ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবর্ধনম্।
উর্বারুকমিব বন্ধনান্মৃত্যোর্মুক্ষীয় মাঽমৃতাৎ॥

অতঃপর পূজা করিবেন। যথা—এষ গন্ধঃ ওঁ নমঃ শিবায়। এতৎ সচন্দন পুষ্পম্ ওঁ নমঃ শিবায়। এতৎ সচন্দন বিল্বপত্রম্ ওঁ নমঃ শিবায়। এষ দীপঃ ওঁ নমঃ শিবায়। এতন্নৈবেদ্যম্ ওঁ নমঃ শিবায়। অতঃপর শিব গায়ত্রী পাঠ করবেন। যথা—

শিবের গায়ত্রী—ওঁ তৎপুরুষায় বিদ্মহে মহাদেবায় ধীমহি তন্নো রুদ্রঃ প্রচোদয়াৎ।

অতঃপর—"এতে গন্ধপুষ্পে ওঁ অষ্টমূর্ত্তিভ্যো নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ গৌর্য্যৈ নমঃ।" মন্ত্রে পূজা করিয়া প্রণাম করিবেন।

প্রণাম— ওঁ নমঃ শিবায় শান্তায় কারণত্রয় হেতবে।
নিবেদয়ামি চাত্মানং ত্বং গতিং পরমেশ্বর॥
মহাদেব মহাত্মানং মহাযোগী মহেশ্বর।
মহাপাপ হরং দেব মকারায় নমো নমঃ॥

অতঃপর কূর্মমুদ্রায় পুষ্প বিল্বপত্রাদি লইয়া ধ্যানান্তে জয়দুর্গার পূজা করিবেন। যথা—

জয়দুর্গার ধ্যান— ওঁ কালাভ্রাভাং কটাক্ষৈরবিকুলভয়দাং মৌলিবদ্ধেন্দুরেখাং।
শঙ্খং চক্রং কৃপাণং ত্রিশিখমপিকরৈঃ রুদ্বহন্তীং ত্রিনেত্রাম্॥
সিংহস্কন্ধাধিরূঢ়াং ত্রিভুবনমখিলং তেজসাপূরয়ন্তীং।
ধ্যায়েদ্দুর্গাং জয়াখ্যাং ত্রিদশপরিবৃতাম্ সেবিতাং সিদ্ধিকামৈঃ॥

এষ গন্ধঃ ওঁ হ্রীং জয়দুর্গায়ৈ নমঃ। এতৎ পুষ্পম্ ওঁ হ্রীং জয়দুর্গায়ৈ নমঃ। এষ ধূপঃ ওঁ হ্রীং জয়দুর্গায়ৈ নমঃ। এষ দীপঃ ওঁ হ্রীং জয়দুর্গায়ৈ নমঃ। এতন্নৈবেদ্যং ওঁ হ্রীং জয়দুর্গায়ৈ নমঃ। এইরূপে পূজান্তে প্রণাম করিবেন।

প্রণাম— ওঁ সর্বমঙ্গল মঙ্গল্যে শিবে সর্বার্থসাধিকে।
শরণ্যে ত্র্যম্বকে গৌরী নারায়ণি নমোঽস্তুতে॥

জয়দুর্গার গায়ত্রী—ওঁ হ্রীং নারায়ণ্যৈ বিদ্মহে দুর্গায়ৈ ধীমহি তন্নো দেবী প্রচোদয়াৎ।

অতঃপর কূর্মমুদ্রায় সচন্দন পুষ্প লইয়া ধ্যানান্তে অগ্নির পূজা করিবেন।

অগ্নির ধ্যান— ওঁ পিঙ্গভ্রূশ্মশ্রু কেশাক্ষঃ পীনাঙ্গ জঠরোঽরুণঃ।
ছাগস্থঃ সাক্ষ সূত্রোঽগ্নি সপ্তার্চিঃ শক্তিধারকঃ॥

ধ্যানান্তে—এষ গন্ধঃ ওঁ অগ্নয়ে নমঃ। এতৎ পুষ্পম্ ওঁ অগ্নয়ে নমঃ। এষ ধূপঃ ওঁ অগ্নয়ে নমঃ। এষ দীপঃ ওঁ অগ্নয়ে নমঃ। এতন্নৈবেদ্যম্ ওঁ অগ্নয়ে নমঃ। মন্ত্রে পূজা করিয়া প্রণাম করিবেন।

প্রণাম—ওঁ অগ্নিমীলে পুরোহিতং যজ্ঞস্য দেবমৃত্তিজম্। হোতারং রত্নধাতমম্।

অতঃপর গন্ধপুষ্প দ্বারা পূজা করিবেন। যথা—

এতে গন্ধপুষ্পে ওঁ আদিত্যাদি নবগ্রহেভ্যো নমঃ। এইক্রমে—ওঁ ইন্দ্রাদি দশদিকপালেভ্যো নমঃ। ওঁ কাল্যাদি দশমহাবিদ্যাভ্যো নমঃ। ওঁ মৎস্যাদি দশাবতারেভ্যো নমঃ। ওঁ ইষ্ট দেব-দেবীভ্যো নমঃ। ওঁ কুল দেব-দেবীভ্যো নমঃ। ওঁ অকারাদি পঞ্চাশদ্বর্ণেভ্যো নমঃ। ওঁ প্রতিপদাদি তিথিভ্যো নমঃ। ওঁ কৃষ্ণপক্ষায় নমঃ। ওঁ শুক্লপক্ষায় নমঃ। ওঁ অমাবস্যায়ৈ নমঃ। ওঁ পূর্ণিমায়ৈ নমঃ। ওঁ সর্বেভ্যো দেবেভ্যো নমঃ। ওঁ সর্বাভ্যো দেবীভ্যো নমঃ।

অতঃপর পীঠদেবতা ও পীঠশক্তির ন্যাস করিবেন।

পীঠদেবতার ন্যাস—মৃগমুদ্রায় আপন হৃদয় স্পর্শ করিয়া—ওঁ আধারশক্তয়ে নমঃ। ওঁ প্রকৃত্যৈ নমঃ। ওঁ অনন্তায় নমঃ। ওঁ পৃথিব্যৈ নমঃ। ওঁ সুধাম্বুধয়ে নমঃ। মৃগ মুদ্রা

ওঁ মণিদ্বীপায় নমঃ। ওঁ চিন্তামণিগৃহায় নমঃ। ওঁ শ্মশানায় নমঃ। ওঁ পারিজাতায় নমঃ। ওঁ কল্পবৃক্ষায় নমঃ। ওঁ মণিবেদিকায়ৈ নমঃ। ওঁ রত্নসিংহাসনায় নমঃ। ওঁ মণিপীঠায় নমঃ। (চতুর্দিকে)—ওঁ মুনিভ্যো নমঃ। ওঁ দেবেভ্যো নমঃ। ওঁ বহুমাংসাস্থিমোদমান শিবাভ্যো নমঃ। ওঁ শবমুণ্ডেভ্যো নমঃ।

ওঁ চিতাঙ্গারাস্থিভ্যো নমঃ। (দক্ষস্কন্ধে)—ওঁ ধর্ম্মায় নমঃ। (বামস্কন্ধে)—ওঁ জ্ঞানায় নমঃ। (বামোরু)—ওঁ বৈরাগ্যায় নমঃ। (দক্ষ উরুতে)—ওঁ ঐশ্বর্য্যায় নমঃ। (মুখে)—ওঁ অধর্মায় নমঃ। (বামপার্শ্বে)—ওঁ অজ্ঞানায় নমঃ। (নাভিতে)—ওঁ অবৈরাগ্যায় নমঃ। (দক্ষিণপার্শ্বে)—ওঁ অনৈশ্বর্যায় নমঃ। (হৃদি)—ওঁ অং অনন্তায় নমঃ। ওঁ পং পদ্মায় নমঃ। ওঁ আনন্দকন্দায় নমঃ। ওঁ সম্বিন্নালায় নমঃ। ওঁ প্রকৃতিময় পত্রেভ্যো নমঃ। ওঁ বিকারময় কেশরেভ্যো নমঃ। ওঁ তত্বময় কর্ণিকায়ৈ নমঃ। ওঁ অং অর্কমণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ। ওঁ উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ। ওঁ মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ। ওঁ সং সত্বায় নমঃ। ওঁ রং রজসে নমঃ। ওঁ তং তমসে নমঃ। ওঁ আং আত্মনে নমঃ। ওঁ অং অন্তরাত্মনে নমঃ। ওঁ পং পরমাত্মনে নমঃ। ওঁ হ্রীং জ্ঞানাত্মনে নমঃ।

পীঠশক্তির ন্যাস—(হৃৎপদ্মের পূর্বদলে)—ওঁ আধারশক্তি কমলাসনায় নমঃ। (অগ্নিদলে)—ওঁ শক্তি পদ্মাসনায় নমঃ। (দক্ষিণদলে)—ওঁ সুভগায়ৈ নমঃ। (নৈর্ঋতদলে)—ওঁ ভগসর্পিন্যৈ নমঃ। (পশ্চিমদলে)—ওঁ ভগবহায়ৈ নমঃ। (বায়ুদলে)—ওঁ ভগসিদ্ধায়ৈ নমঃ। (উত্তরদলে)—ওঁ ভগপাতিন্যৈ নমঃ। (ঈশান দলে)—ওঁ ভগমালিন্যৈ নমঃ। (পূর্বদলে)—ওঁ জং জয়ায়ৈ নমঃ। (অগ্নিদলে)—ওঁ বিং বিজয়ায়ৈ নমঃ। (দক্ষিণদলে)—ওঁ অং অজিতায়ৈ নমঃ। (নৈর্ঋতদলে)—ওঁ অং অপরাজিতায়ৈ নমঃ। (পশ্চিমদলে)—ওঁ নিং নিত্যায়ৈ নমঃ। (বায়ুদলে)—ওঁ বিং

বিলাসিন্যৈ নমঃ। (উত্তরদলে)—ওঁ দোং দোর্দ্ধ্রে নমঃ। (ঈশানদলে)—ওঁ অং অঘোরায়ৈ নমঃ। (হৃৎপদ্মমধ্যে)—ওঁ সর্বমঙ্গলায়ৈ নমঃ। (হৃৎপদ্মোপরি)—ওঁ হ্রীং সর্বশক্তি কমলাসনায় নমঃ।

অতঃপর 'হ্লীং' মন্ত্রে প্রাণায়াম করিবেন। তাহার পর ঋষ্যাদিন্যাস করিবেন।

ঋষ্যাদিন্যাস—(করযোড়ে)—ওঁ হ্লীং বগলামুখী সর্বদুষ্টানাং বাচং মুখং স্তম্ভয় জিহ্বাং কীলয় কীলয় বুদ্ধিং নাশয় হ্লীং ওঁ স্বাহা, অস্য শ্রীবগলামুখী মন্ত্রস্য নারদ ঋষিঃ ত্রিষ্টুপ ছন্দঃ বগলামুখী দেবতা হ্লীং বীজং, স্বাহা শক্তিঃ মমাখিলা বাপ্তয়ে জপে বিনিয়োগঃ। (শিরসি)—নারদঋষয়ে নমঃ। (মুখে)—ত্রিষ্টুপ্ ছন্দসে নমঃ। (হৃদয়ে)—বগলামুখ্যৈ দেবতায়ৈ নমঃ। (গুহ্যে)—হ্লীং বীজায় নমঃ। (পাদদ্বয়ে)—স্বাহা শক্তয়ে নমঃ। (সর্বাঙ্গে)—বিনিয়োগায় নমঃ।

অনন্তর পুনরায় করন্যাস এবং অঙ্গন্যাস করিবেন।

করন্যাস—ওঁ হ্লীং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ। বগলামুখি তর্জনীভ্যাং স্বাহা। সর্বদুষ্টানাং মধ্যমাভ্যাং বষট্। বাচং মুখং স্তম্ভয় অনামিকাভ্যাং হুং। জিহ্বাং কীলয় কীলয় কনিষ্ঠাভ্যাং বৌষট্। বুদ্ধিং নাশয় হ্লীং ওঁ স্বাহা করতলপৃষ্ঠাভ্যামস্ত্রায় ফট্।

অঙ্গন্যাস—ওঁ হ্লীং হৃদয়ায় নমঃ। বগলামুখি শিরসে স্বাহা। সর্বদুষ্টানাং শিখায়ৈ বষট্। বাচং মুখং স্তম্ভয় কবচায় হুং। জিহ্বাং কীলয় কীলয় নেত্রত্রয়ায় বৌষট্। বুদ্ধিং নাশয় হ্লীং ওঁ স্বাহা করতল-পৃষ্ঠ্যাভ্যামস্ত্রায় ফট্।

শ্রীশ্রীবগলামুখী পূজা পদ্ধতি

পাদান্ত মূলাধারে—ওঁ হ্লীং বগলামুখি সর্বদুষ্টানাং বাচং মুখং স্তম্ভয় জিহ্বাং কীলয় কীলয় বুদ্ধিং নাশয় হ্লীং ওঁ স্বাহা আত্মতত্ত্বব্যাপিনী বগলামুখী শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ। হৃদয়ে—ওঁ হ্লীং বগলামুখি সর্বদুষ্টানাং বাচং মুখং স্তম্ভয় জিহ্বাং কীলয় কীলয় বুদ্ধিং নাশয় হ্লীং ওঁ স্বাহা বিদ্যাতত্ত্বব্যাপিনী বগলামুখী শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ। শিরসি—ওঁ হ্লীং বগলামুখি সর্বদুষ্টানাং বাচং মুখং স্তম্ভয় জিহ্বাং কীলয় কীলয় বুদ্ধিং নাশয় হ্লীং ওঁ স্বাহা শিবতত্ত্বব্যাপিনী বগলামুখী শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ। সর্বাঙ্গে—ওঁ হ্লীং বগলামুখি সর্বদুষ্টানাং বাচং মুখং স্তম্ভয় জিহ্বাং কীলয় কীলয় বুদ্ধিং নাশয় হ্লীং ওঁ স্বাহা সর্বতত্ত্বব্যাপিনী বগলামুখী শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ।

অনন্তর মন্ত্র বর্ণন্যাস করিবেন।

মন্ত্র বর্ণন্যাস—মস্তকে—ওঁ নমঃ। কপালে—হ্লীং নমঃ। দক্ষিণ নেত্রে—বং নমঃ। বামনেত্রে—গং নমঃ। দক্ষিণ কর্ণে—লাং নমঃ। বামকর্ণে—মুং নমঃ। দক্ষগণ্ডে—খিং নমঃ। বামগণ্ডে—সং নমঃ। দক্ষনাসা—র্বং নমঃ। বামনাসায়—দুং নমঃ। ওষ্ঠে—ষ্টাং নমঃ। অধরে—নাং নমঃ। মুখে—বাং নমঃ। দক্ষিণ স্কন্ধে—চং নমঃ। দক্ষিণ কূর্পরে—মুং নমঃ। দক্ষ মণিবন্ধে—খং নমঃ। বাম মণিবন্ধে—স্তং নমঃ। কণ্ঠে—ভ্তং নমঃ। দক্ষিণ স্তনে—য়ং নমঃ। বাম স্তনে—জিং নমঃ। হৃদয়ে—

হ্সাং নমঃ। নাভিতে—ক্লীং নমঃ। কটিদেশে—লং নমঃ। গুহ্যে—য়ং নমঃ। বামস্কন্ধে—ক্লীং নমঃ। বাম কূর্পরে—লং নমঃ। বাম মণিবন্ধে—য়ং নমঃ। বাম হস্তাঙ্গুলিমূলে—বুং নমঃ। দক্ষিণোরুতে হ্রিং নমঃ। দক্ষিণ জানুতে—নাং নমঃ। দক্ষ গুল্‌ফে—শং নমঃ। দক্ষ পাদাঙ্গুলিমূলে—য়ং নমঃ। বামোরুতে—হ্লীং নমঃ। বাম জানুতে—ওঁ নমঃ। বাম গুল্‌ফে—স্বাং নমঃ। বামপাদাঙ্গুলিমূলে—হাং নমঃ। অতঃপর দেবীর ধ্যান করিবেন।

ধ্যান— ওঁ মধ্যে সুধাব্ধিমণিমণ্ডপরত্নবেদী, সিংহাসনোপরিগতাং পরিপীতবর্ণাম্।
পীতাম্বরাভরণমাল্যবিভুষিতাঙ্গীং দেবীং স্মরামি ধৃতমুদ্‌গরবৈরিজিহ্বাম্॥
জিহ্বাগ্রমাদায় করেণ দেবীং, বামেন শত্রুন্ পরিপীড়য়ন্তীম্।
গদাভিঘাতেন চ দক্ষিণেন, পীতাম্বরাঢ্যাং দ্বিভুজাং নমামি॥

মানস পূজা—ধ্যানান্তে পুষ্পটি নিজ মস্তকে দিয়া উভয় হস্তদ্বয় ক্রোড়ে উত্তানভাবে রাখিয়া মানসোপচারে পূজা করিবেন। যথা—

হৃৎপদ্মমাসনং দদ্যাৎ সহস্রারচ্যুতামৃতেঃ।
পাদ্যং চরণয়োর্দদ্যাৎ মনস্ত্বর্ঘ্যং নিবেদয়েৎ॥

তেনামৃতেনাচমনীয়ং স্নানীয়ং তেন চ স্মৃতম্।
আকাশতত্ত্বং বস্ত্রং স্যাৎ গন্ধঃ স্যাৎ গন্ধতত্ত্বকম্॥
চিত্তং প্রকল্পয়েৎ পুষ্পং ধূপং প্রাণান্ প্রকল্পয়েৎ।
